ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ইন্ডাস্ট্রি কারও বাবার নয়, বিস্ফোরক মন্তব্য বিদ্যার

পৃঃ ৫



বড় সুখবর পেলেন নেইমার

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১০৬ ● কলকাতা ● ০৬ বৈশাখ, ১৪৩১ ● শুক্রবার ● ১৯ এপ্রিল, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

# নিয়োগ দুর্নীতি মামলায় আদালতে প্রথম চার্জশিট জমা করল ইডি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নবম-দশম, একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় আদালতে প্রথম চার্জশিট জমা করল ইডি। বৃহস্পতিবার ইডির বিশেষ আদালতে এই চার্জশিট জমা দিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।৩০০ পাতার মূল সেই চার্জশিটে অভিযুক্তের সংখ্যা ১০০ জনের বেশি। সেই অভিযুক্তের তালিকায় রয়েছে স্কুল সার্ভিস কমিশন (এসএসসি)-র প্রাক্তন উপদেষ্টা শান্তিপ্রসাদ সিন্‌হা, 'মিডলম্যান' প্রসন্ন রায়-সহ ১৮ জন এবং ৯০টির বেশি সংস্থার নাম।অন্য দিকে, নিয়োগ দুর্নীতি সংক্রান্ত দু'টি মামলার তদন্তে নেমে প্রসন্নের নাম পেয়েছিল সিবিআই। গ্রুপ ডি নিয়োগ মামলা এবং নবম-দশমের শিক্ষক নিয়োগ মামলা। প্রসন্নকে এর পরে গ্রেফতারও করেছিল সিবিআই। তবে গ্রেফতার করা হলেও প্রসন্নের বিচার শুরু হয়নি। চার্জশিট দেওয়ার পর নির্দিষ্ট সময় পার হয়ে গেলেও তার প্রেক্ষিতে কোনও পদক্ষেপ না করায় বিষয়টি নিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন প্রসন্ন। বেশ কিছু শর্ত দিয়ে সিবিআইয়ের মামলায় তাঁকে জামিন দেয় শীর্ষ আদালত। এর পর তাঁকে ইডি গ্রেফতার করে।

শান্তিপ্রসাদ এবং প্রসন্ন দু'জনকেই দফায় দফায় জিজ্ঞাসাবাদ করেছে ইডি। নিয়োগ দুর্নীতিতে তাঁদের 'ভূমিকা' বোঝার জন্য জোরালো তদন্তও চলেছে। এ বার আদালতে নবম-দশম, একাদশ-দ্বাদশ শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় আদালতে ইডির জমা দেওয়া চার্জশিটে উঠে এল তাঁদের নাম।ইডি মনে করছে, এই মামলায় একাদশ-দ্বাদশ অযোগ্য প্রার্থীদের সংখ্যা ১১২০ জনের কাছাকাছি। নবম-দশমে সেই সংখ্যা ৯৪৬ জনের কাছাকাছি। এই মামলায় একাধিক 'এজেন্ট' এবং 'মিডলম্যান' জড়িত রয়েছেন বলেও চার্জশিটে দাবি করেছে ইডি। মূল চার্জশিটের পাশাপাশি ১৭ হাজারেরও বেশি পাতার নথিও আদালতে জমা দিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

উল্লেখ্য, নবম-দশমের শিক্ষক নিয়োগ দুর্নীতির অভিযোগে ২০২২ সালের ১০ অগস্ট এসএসসির উপদেষ্টা কমিটির প্রাক্তন প্রধান শান্তিপ্রসাদকে গ্রেফতার করে সিবিআই। তার আগে ওই বছরের ৩ এপ্রিল নিয়োগ দুর্নীতি মামলায় ইডির হাতে গ্রেফতার হন তিনি। এসএসসি নিয়োগ দুর্নীতিতে ভুয়ো নিয়োগপত্র দেওয়ার অভিযোগ ছিল শান্তিপ্রসাদের বিরুদ্ধে। গ্রুপ সি মামলায় তাঁকে গ্রেফতার করে সিবিআই। নিয়োগ সংক্রান্ত যে উপদেষ্টা কমিটি তৈরি করেছিলেন তৎকালীন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়, তার চেয়ারম্যান পদে বসানো হয়েছিল শান্তিপ্রসাদকে। অভিযোগ, তাঁর আমলেই মূলত নিয়োগ দুর্নীতি হয়।

## কালীঘাটের কাকুর কণ্ঠস্বরের রিপোর্ট হাতে পেল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জটিলতার পর সুজয়কৃষ্ণ ভদ্র ওরফে কালীঘাটের কাকুর কণ্ঠস্বরের রিপোর্ট হাতে পেল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। কালীঘাটের কাকুর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করার ক্ষেত্রে সমস্যায় পড়েছিল ইডি। দীর্ঘ টালবাহানার পর তাঁর কণ্ঠস্বর রেকর্ড করা সম্ভব হয়। সেই কণ্ঠস্বর মিলিয়ে দেখার জন্য কলকাতার কেন্দ্রীয় ফরেন্সিক ল্যাবরেটরিতে পাঠানো হয়।

২০২৩ সালের ৩০ মে সুজয়কৃষ্ণকে গ্রেফতার করে ইডি। এরপরেই অসুস্থতার কথা বলে হাসপাতালে ভর্তি হন তিনি। অসুস্থতার অজুহাতে কালীঘাটের কাকুর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করা বারবার পিছিয়ে যায়। শেষপর্যন্ত এ বছরের ৩ জানুয়ারি জোকা ইএসআই হাসপাতালে কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করা হয়। সেই নমুনা পাঠানো হয় কেন্দ্রীয় ফরেন্সিক ল্যাবরেটরিতে। এবার সেই রিপোর্ট পেল ইডি। এর ফলে

এরপর ৩ পাতায়


# ভবিষ্যতে 'ইন্ডিয়া জোট' আমরাই চালাবো - মমতা



**সুশোভন সিংহ, বালুরঘাট: নিউজ সারাদিন :** উত্তরবঙ্গের দুই লোকসভা আসন ৫নং রায়গঞ্জ এবং ৬ নং বালুরঘাটের তৃণমূল সমর্থিত প্রার্থীদের প্রচারে জনসভা করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার বালুরঘাট লোকসভা কেন্দ্রের হরিরামপুরের জনসভা থেকে বিজেপি,কংগ্রেস ও বামফ্রন্টকে একযোগে আক্রমণ করেন মমতা বন্দ্যোপাধ্যায়। জনসভা থেকে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, বাংলায় বিজেপিকে সব ভোটে কংগ্রেস এবং বামফ্রন্ট সাহায্য করে। কংগ্রেস-সিপিএম কে ভোট দেওয়া মানে বিজেপির হাত শক্ত করা। বাংলায় ইন্ডিয়া জোট কেবলমাত্র তৃণমূল। তৃণমূল একমাত্র বিজেপি সাথে লড়ছে। ইন্ডিয়া জোট আমি করেছি, ভবিষ্যতে ইন্ডিয়া জোট আমরাই চালাবো। বালুরঘাট লোকসভা কেন্দ্রের তৃণমূল সমর্থিত প্রার্থী তথা রাজ্যের মন্ত্রী বিপ্লব মিত্রের সমর্থনে হরিরামপুর বিধানসভা এলাকায় এদিন আনুমানিক ১টা ৫০ মিনিট নাগাদ সভাস্থলে এসে পৌছান রাজ্যের মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রীর ভাষণের প্রথম থেকেই রাজ্যের প্রতি কেন্দ্রের বঞ্চনা নিয়ে সরব হন। মমতা বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেন, বিগত বছরগুলোতে কেন্দ্রীয় সরকার উত্তরবঙ্গের মানুষদের এবং জঙ্গলমহলের মানুষদের জন্য কোন কাজ করেননি। যদিও উত্তরবঙ্গ কিংবা জঙ্গলমহলে গত লোকসভা ভোটে বিজেপি বেশিরভাগ আসন জিতেছিল। বালুরঘাট লোকসভা কেন্দ্রের বিজেপি সমর্থিত প্রার্থী তথা বঙ্গ বিজেপি সভাপতি ড.সুকান্ত মজুমদারের সমর্থনে হরিরামপুর বিধানসভা এলাকা পতড়া মাঠে জনসভায় এসে বালুরঘাট কে বেলুরঘাট বলেছিলেন দেশের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এদিন মুখ্যমন্ত্রী কণ্ঠে উঠে এলো সেই বিষয়টি। ঘটনা উল্লেখ্য, লোকসভা ভোটকে সামনে রেখে এক সপ্তাহের কম ব্যবধানে জেলায় বিজেপি প্রার্থীর সমর্থনে জনসভা করে গেছেন দেশের স্বরাষ্ট্রমন্ত্রী এবং প্রধানমন্ত্রী। যদিও অমিত শাহ কিংবা মোদীর ভাষণে

এরপর ৩ পাতায়



## রায়গঞ্জে মোদী এইমসের জায়গা চেয়েছিলেন,

# মমতা দেয়নি:শুভেন্দু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কেন তৃণমূলকে নয়, বিজেপিকে ভোট দেবেন, রায়গঞ্জের হেমতাবাদ দলীয় প্রার্থী কার্তিকচন্দ্র পালের নির্বাচনী সভা থেকে তার ব্যাখ্যা দিলেন বিরোধী দলনেতা শুভেনদু অধিকারী।গত মঙ্গলবার রাজ্য সফরে এসে মোদী হুঁশিয়ারির সুরে বলেছিলেন, "সবে তো ট্রেলার দেখছেন। ক্ষমতায় এলে বাকি দুর্নীতিগ্রস্তদেরও জেলে ভরা হবে।" ওই প্রসঙ্গ টেনে শুভেন্দু বলেন, "মোদী বলে গেছেন, এবারে ক্ষমতায় এলে তৃণমূলের বাকি চোরগুলোও জেলে যাবে। সেটা নিশ্চিত করতে বাংলা থেকে আরও বেশি আসনে বিজেপিকে জেতাতে হবে।" মমতা বন্দ্যোপাধ্যায়-অভিষেক বন্দ্যোপাধ্যায়রা প্রতিটি সভা থেকে নিয়ম করে ১০০ দিনের কাজ, আবাস যোজনার মতো প্রকল্পে কেন্দ্রীয় বঞ্চনা নিয়ে সরব হচ্ছেন। এদিনও বালুরঘাটের সভা থেকে এ ব্যাপারে কেন্দ্রকে শ্বেতপত্র প্রকাশের চ্যালেঞ্জ ছুড়েছেন মমতা। যদিও হেমতাবাদদের সভা থেকে শুভেন্দুর দাবি, "আবাস যোজনায় বাংলাকে ৪৫ হাজার কোটি টাকা দিয়েছে মোদী সরকার, চোর তৃণমূল ৪০ লক্ষ মানুষের বাড়ির সেই টাকা খেয়েছে।"শিক্ষিত বেকারদের চাকরি চুরি থেকে রেশন দুর্নীতির প্রসঙ্গ টেনে শুভেন্দু বলেন, "উনিশে আপনারা তৃণমূলকে শিক্ষা

এরপর ৩ পাতায়

## আগামী ২২ এপ্রিল থেকে রাজ্যের

# বিভিন্ন স্কুলে গরমের ছুটি শুরু হয়ে যাবে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যের তীব্র গরমের পরিস্থিতি নিয়ে মঙ্গলবার নবান্নে একটি বৈঠক হয়েছিল। তারপরই শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়ে দিয়েছিলেন আগামী ২২ এপ্রিল থেকে রাজ্যের বিভিন্ন স্কুলে গরমের ছুটি শুরু হয়ে যাবে। এবার সরকারিভাবে জারি হল বিজ্ঞপ্তি। বৃহস্পতিবার এই নিয়ে বিজ্ঞপ্তি জারি করল রাজ্য স্কুল শিক্ষা দপ্তর।প্রসঙ্গত, গত কয়েক বছর থেকেই স্বাভাবিকের থেকে অনেকটা ওপরে থাকছে তাপমাত্রা। যার জেরে গত কয়েক বছর ধরেই স্কুলগুলিতে গরমের ছুটি এগিয়ে আনা হচ্ছে। এবারও বেশ খানিকটা ছুটি এগিয়ে আনা হল।বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রাজ্যের সমস্ত জায়গায় স্কুল বন্ধ হচ্ছে না। কালিম্পং, কার্শিয়াং ও দার্জিলিংয়ের স্কুলগুলো যেমন চলছিল তেমনই খোলা থাকবে। এদিন বিজ্ঞপ্তি জারি করে জানানো হল সোমবার থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকবে স্কুল। এরপর আবহাওয়ার পরিস্থিতি বিচার করে পরবর্তী সিদ্ধান্ত নেবে রাজ্য।

প্রসঙ্গত, দক্ষিণবঙ্গের একাধিক জায়গার তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াসের গণ্ডি ছাড়িয়ে গিয়েছে। জেলায় জেলায় তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আর এরই জেরে রাজ্যের স্কুলগুলিতে গরমের ছুটি এগিয়ে নিয়ে আসা হল।

সাধারণত প্রতি বছর স্কুলগুলিতে গরমের ছুটি শুরু হয় ৬ মে থেকে। তবে এ বছর অতিরিক্ত গরমের জেরে স্কুলপড়ুয়া, শিক্ষক, শিক্ষাকর্মীদের স্বাস্থ্যের কথা মাথায় রেখে গরমের ছুটি এগিয়ে আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী ২২ এপ্রিল (সোমবার) থেকে স্কুলগুলিতে ছুটি পড়ে যাবে। এমনটাই জানানো হয়েছে বিজ্ঞপ্তিতে।

# সুকান্তের সমর্থনে তপনে 'মহাগুরু'



**বালুরঘাট: নিউজ সারাদিন :** আজ বিকেল ৩টায় বালুরঘাট লোকসভা কেন্দ্রের বিজেপির প্রার্থী ড.সুকান্ত মজুমদারের সমর্থনে জেলার তপন হাইস্কুল মাঠে জনসভা করবেন অভিনেতা মিঠুন চক্রবর্তী। জেলায় লোকসভা ভোটের দিন যত এগিয়ে আসছে সূর্যের প্রখর তাপের সাথে পাল্লা দিয়ে রাজনৈতিক উত্তাপ বৃদ্ধি হচ্ছে। বালুরঘাট লোকসভা আসনে বিজেপি প্রার্থীর সমর্থনে ইতিমধ্যেই জনসভা করে গেছেন দেশের স্বরাষ্ট্রমন্ত্রী এবং প্রধানমন্ত্রী। এবার আসছেন অভিনেতা মিঠুন চক্রবর্তী। এক ছোঁবলেই ছবি, কিংবা 'মারবো এখানে..........' মত সিনেমার ডায়লগ বলে গত বিধানসভা ভোটে বিজেপির আসল সংখ্যা আশানুরূপ না করতে পারলেও বঙ্গ বিজেপি এখনো প্রচারের ক্ষেত্রে মহাগুরুর প্রতি বিশ্বাস রেখেছে। বৃহস্পতিবার নাগরিকত্ব সংশোধনী আইন চালু হওয়ার আনন্দে তপন বিধানসভার সালাসে দক্ষিণ দিনাজপুর জেলা মতুয়া মহাসংঘের দ্বারা আয়োজিত শোভাযাত্রায় সামিল হয়েছিলেন সুকান্ত মজুমদার।

## রোজ ভ্যালির টাকা বিনিয়োগকারীদের ফেরত দেওয়ার জন্য,

# সম্পত্তি অনলাইনে নিলাম




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রোজ ভ্যালির চালু করা বেআইনি প্রকল্পে লগ্নি করা টাকা বিনিয়োগকারীদের ফেরত দেওয়ার জন্য তাদের সম্পত্তি অনলাইনে নিলাম করবে শেয়ার বাজার নিয়ন্ত্রক সেবি। আগামী মাসের ২০ তারিখ রোজ ভ্যালি গোষ্ঠীভুক্ত সংস্থাগুলির ২২টি সম্পত্তি নিলাম হেঁকে বিক্রির ব্যবস্থা করা হয়েছে। যার ন্যূনতম দাম (রিজার্ভ প্রাইস) ঠিক করা হয়েছে ৮.৬ কোটি টাকা।মোটা আয়ের প্রতিশ্রুতি দিয়ে রোজ ভ্যালি বাজারে একাধিক বেআইনি আর্থিক প্রকল্প ছেড়ে সাধারণ মানুষের থেকে টাকা তুলেছিল। যার মোট অঙ্ক ৫০০০ কোটি টাকারও বেশি। ওই সব প্রকল্প ছিল কলেকটিভ ইনভেস্টমেন্ট স্কিম শ্রেণিভুক্ত। কিন্তু পরে সেই টাকা ফেরত দিতে ব্যর্থ হয় সংস্থা। তার পরেই ওই সব জমা প্রকল্পকে বেআইনি ঘোষণা করে গত ২০১৭-র নভেম্বরে লগ্নিকারীদের টাকা ফেরত দেওয়ার নির্দেশ দেয় সেবি। নির্দেশ মানতে না পারায় ২০২২ সালে সংস্থার ব্যাঙ্ক অ্যাকাউন্ট এবং রোজ ভ্যালি হোটেলস অ্যান্ড এন্টারটেনমেন্ট এবং তার ডিরেক্টরদের হাতে থাকা শেয়ার ও মিউচুয়াল ফান্ডের নথি বাজেয়াপ্ত করতে নির্দেশ দেয় সেবি। পাশাপাশি ইডি ২০২৩-এ তাদের ১৫০ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করে।নিলাম অনুষ্ঠিত হবে বেলা ১১টা থেকে ১টা পর্যন্ত।

সেবি এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, নিলামের জন্য নির্দিষ্ট করা সম্পত্তিগুলির মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গে অবস্থিত সংস্থার বিভিন্ন দফতর, ফ্ল্যাট ইত্যাদি। নিলাম পরিচালনা এবং তা থেকে প্রাপ্ত টাকা সংশ্লিষ্ট লগ্নিকারীদের ঠিক মতো মেটানোর বিষয়টিতে নজরদারি করবে নিয়ন্ত্রকেরই গঠিত একটি কমিটি। কলকাতা হাই কোর্টের নির্দেশ অনুয়ায়ী ২০১৫ সালেই ওই কমিটি গড়েছিল সেবি।

## মুদির দোকানে চাল-ডাল-তেল-নুনের সঙ্গে

# ওষুধও বিক্রির অনুমতি দেবে কেন্দ্রীয় সরকার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভোটের পর ওষুধ নিয়ে দেশে বড় পদক্ষেপ করার ভাবনাচিন্তা চলছে। মুদির দোকানে চাল-ডাল-তেল-নুনের সঙ্গে ওষুধও বিক্রির অনুমতি দেবে কেন্দ্রীয় সরকার। তবে সব ধরনের ওষুধ নয়। পেট খারার, জ্বর, মাথাব্যথা, প্রেসার, সুগার, ছোটখাটো চোট-আঘাত এবং হার্টের অসুখের কিছু প্রাথমিক ওষুধ মুদি দোকানেও পাওয়া যাবে।গ্রামে এমনীতেই ডাক্তারের বড় অভাব। কিন্তু শহর-মফস্বলে গিয়ে ডাক্তার দেখানো গেলেও হাতের কাছে ওষুধের দোকান না থাকায় সমস্যায় পড়তে হয়। ইওরোপ-আমেরিকায় এই সমস্যা দূর করতে মুদি দোকানে ওষুধ বিক্রির অনুমতি দেওয়া হয়েছে। সেই সব ওষুধই বিক্রি করা যাবে যেগুলি মানুষ সাধারণত ডাক্তার না দেখিয়েও ব্যবহার করে থাকে। মুদির দোকানেও বৈধ ব্যবস্থায় ওষুধ সরবরাহ করা হবে। বছর কয়েক আগে কেন্দ্রীয় সরকার 'জনঔষধি' নামে কম দামে ওষুধ বিক্রির কাউন্টার খুলেছে শহর, মফস্বল এলাকায়। ওই ওষুধই নিয়মিত স্বীকৃত মুদি দোকানে সরবরাহ করা হবে।কেন্দ্রীয় সরকারি সূত্রে জানা গিয়েছে, সরকার ওভার দ্য কাউন্টার বা ওটিসি নীতি ওষুধের ক্ষেত্রে কার্যকর করতে চলেছে। মূলত গ্রামীণ ভারতের কথা বিবেচনায় রেখে এই নীতি কার্যকরের ভাবনাচিন্তা শুরু হয়েছে। এ জন্য কেন্দ্রের চিকিৎসা অধিকর্তার নেতৃত্বে

এরপর ৩ পাতায়

## ভজন ও জাগরণসহ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন



**কলকাতা : নিউজ সারাদিন :** বন্দর অঞ্চলের ময়ূরভঞ্জ ইন্দ্রানগরে শিব সেবা কল্যাণ সমিতি আয়োজিত রাম নবমীর দুদিনের অনুষ্ঠান আজ শেষ হয়েছে উপরোক্ত তথ্য দিয়ে গণেশ জয়সওয়াল বলেন, প্রতি বছরের মতো এবারও ভজন ও জাগরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ভক্তরা নাচতে বাধ্য হন। সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি ভান্ডারেরও আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভারত লাল ধানুক, কাজল ভৌমিক, জিতেন্দ্র মণি ত্রিবেদী, পাপ্পু ধানুক প্রমুখ।







## ডিআরডিও-র ওড়িশা উপকূলে

# দেশীয় প্রযুক্তিতে নির্মিত ক্রুজ ক্ষেপণাস্ত্রের পরীক্ষামূলক সফল উৎক্ষেপণ

**নতুন দিল্লি, ১৮ এপ্রিল ২০২৪ : নিউজ সারাদিন :** প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা ওড়িশার চাঁদিপুর উপকূলে ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ থেকে দেশীয় প্রযুক্তিতে নির্মিত ক্রুজ ক্ষেপণাস্ত্রের পরীক্ষামূলক সফল উৎক্ষেপণ সম্পন্ন করেছে। এই উৎক্ষেপণের সময় র‍্যাডার, ইলেক্ট্রো অপটিক্যাল ট্র্যাকিং সিস্টেম এবং আইটিআর-এর টেলিমেট্রির সাহায্যে পুরো প্রক্রিয়াটি পর্যবেক্ষণ করা হয়। এছাড়াও ভারতীয় বিমানবাহিনী এসইউ-৩০-এমকে-১ যুদ্ধবিমান থেকে উৎক্ষেপণ প্রত্যক্ষ করা হয়। ক্ষেপণাস্ত্রটি সমুদ্র পৃষ্ঠের খুব কাছ দিয়ে তার নির্ধারিত পথ অতিক্রম করেছে। এর ফলে, বেঙ্গালুরুর গ্যাস টার্বাইন রিসার্চ এস্টাব্লিসমেন্টের দেশীয় প্রযুক্তিতে উদ্ভাবিত প্রপালসন ব্যবস্থাপনার কার্যকারিতাও প্রমাণিত হয়েছে। এই ক্ষেপণাস্ত্রটি যাতে নির্দিষ্ট স্থানে আঘাত হানতে পারে তা নিশ্চিত করার জন্য উন্নতমানের সফটওয়ার ব্যবহার করা হয়েছে। ডিআরডিও-র অ্যারোন্যাটিক্যাল ডেভলপমেন্ট এস্টাব্লিসমেন্ট এটি উদ্ভাবন করেছে। ক্ষেপণাস্ত্রের উৎক্ষেপণ ডিআরডিও-র বিভিন্ন গবেষণাগারের বিজ্ঞানীরা প্রত্যক্ষ করেন। প্রতিরক্ষামন্ত্রী শ্রী রাজনাথ সিং ক্রুজ ক্ষেপণাস্ত্রের সফল উৎক্ষেপণের জন্য ডিআরডিও-কে অভিনন্দন জানিয়েছেন। তিনি বলেন, এর ফলে ভারতীয় প্রতিরক্ষা শিল্পের গবেষণা ও উন্নয়ন শাখা একটি গুরুত্বপূর্ণ মাইলফলক অতিক্রম করলো। প্রতিরক্ষা দপ্তরের গবেষণা ও উন্নয়ন শাখার সচিব এবং ডিআরডিও-র চেয়ারম্যান ডঃ সমীর ভি কামাত পরীক্ষামূলক সফল উৎক্ষেপণের জন্য সংস্থার সকলকে অভিনন্দন জানিয়েছেন।

## নিয়োগ দুর্নীতি মামলায় বিস্তারিত তথ্য জানাতে

# সিবিআইকে নির্দেশ দিয়েছে আদালত




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নিয়োগ দুর্নীতি মামলায় বহুদিন থেকে জেলবন্দি কুন্তল ঘোষ । তাকে আর কত দিন জেলে থাকতে হবে? এবার এই নিয়ে প্রশ্ন তুললেন কলকাতা হাই কোর্টের বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি গৌরাঙ্গ কান্তের ডিভিশন বেঞ্চ। সিবিআই এর কাছে এই নিয়ে জবাব তলব করেছে দুই বিচারপতির ডিভিশন বেঞ্চ।বিচারপতি বলেন, যা অপরাধ তাতে বড়জোর দশ বছর কারাদণ্ড হবে। এক বছরেরও বেশি সময় পার হয়ে গিয়েছে। এদের আর কতদিন জেলে থাকতে হবে? কুন্তল ছাড়া পেলে প্রমাণ নষ্ট হতে পারে বলে আশঙ্কাপ্রকাশ করে সিবিআই। যদিও বিচারপতি পাল্টা বলেন, আদালত এই মামলার স্টেটাস জানতে চায়। সিবিআই কে বিচারপতির প্রশ্ন, যাদের কাছ থেকে কুন্তল টাকা নিয়েছেন এমন কত জনকে এখনও শনাক্ত করা হয়েছে?প্রায় এক বছর তিন মাস থেকে জেলে রয়েছেন তৃণমূলের বহিষ্কৃত যুবনেতা কুন্তল ঘোষ। দীর্ঘ এই সময়ের মধ্যে বারংবার জামিনের আর্জি জানান কুন্তল। ওদিকে প্রতিবারই তার বিরোধতা করে কেন্দ্রীয় এজেন্সি। বৃহস্পতিবার কুন্তলের জামিন মামলার শুনানিতেই বিচারপতির প্রশ্নের মুখে পড়ে সিবিআই।

এদিন আদালতে সিবিআই এর আইনজীবী জানান, নিয়োগ দুর্নীতিতে চার কোটি টাকা তোলা হয়। চাকরিপ্রার্থীদের কাছ থেকে টাকা তোলা হয়েছে। ভুয়ো ওয়েবসাইট তৈরি করে ইন্টারভিউ নেওয়া হয়েছিল প্রাইমারি স্কুল কাউন্সিলের কসবার অফিসে। তবে কারা নিয়েছিলেন, তা স্পষ্ট নয়। শুধু কুন্তলই নন, এছাড়াও ধৃত নীলাদ্রি ঘোষ এবং তাপস মণ্ডলও যুক্ত ছিলেন। এই কথাও জানানো হয়েছে আদালতে।

সমস্ত বিষয়ে বিস্তারিত তথ্য জানাতে সিবিআইকে নির্দেশ দিয়েছে আদালত। পাশাপাশি কত জনের সম্পূর্ণ বেআইনি নিয়োগ হয়েছে, তা-ও জানতে চেয়েছে দুই বিচারপতির ডিভিশন বেঞ্চ। আগামী মঙ্গলবার এই মামলার পরবর্তী শুনানি বলে জানা গিয়েছে।

১-ম পাতার পর

# ভবিষ্যতে 'ইন্ডিয়া জোট' আমরাই চালাবো - মমতা

উন্নয়নের পরিবর্তে কেবলমাত্র দেশে ৪০০ আসন পাওয়ার আকাঙ্ক্ষার বহিঃপ্রকাশ হয়েছিল। দীর্ঘদিন ধরে রাজ্য সরকারের অভিযোগ করে আসছে কেন্দ্রীয় সরকার ইচ্ছে করে বাংলার মানুষদের কেন্দ্রীয় প্রকল্পের প্রাপ্য অর্থ থেকে বঞ্চিত করছে। এদিন জনসভা থেকে এই বিষয়টি তুলে ধরেন রাজ্যের মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রী বলেন, ১০০ দিনের কাজের টাকা এবং আবাস যোজনার টাকা দীর্ঘদিন ধরে মোদি সরকার আটকে রেখেছে। ওরা কেবল ভোট পাখি হয়ে রাজ্যে আসে। ২০১৯ সালের লোকসভা ভোটের আগে দক্ষিণ দিনাজপুর জেলার বুনিয়াদপুরে জনসভা করেছিলেন মোদী। রাজনৈতিক বিশেষজ্ঞদের মতে এর ফলে বালুরঘাট, রায়গঞ্জ এবং দক্ষিণ মালদা লোকসভা আসন জিতেছিল বিজেপি। তবে লোকসভা ভোটের পরবর্তী সময়ে এই অঞ্চলে কোন বিজেপি কেন্দ্রীয় নেতৃত্ব আসেনি বলেই অভিযোগ তৃণমূলের। মুখ্যমন্ত্রী বলেন, বাংলার মানুষ কেন্দ্রীয় প্রকল্প থেকে বঞ্চিত,বাংলার মানুষ যা পেয়েছে তা কেবল মাত্র আমাদের সরকার দিয়েছে। ওরা বলছে বিজেপি ক্ষমতায় এলে 'লক্ষীর ভান্ডার' বন্ধ করে দেবে। লোকসভা ভোটের আগে রাজ্য সরকারের পক্ষ থেকে লক্ষীর ভান্ডারে অনুদান বৃদ্ধি করা হয়েছে। বিধানসভা ভোটে 'লক্ষীর ভান্ডার' রাজ্যের মা-বোনদের কাছে তৃণমূলের গ্রহণযোগ্যতাকে বৃদ্ধি করেছিল বলেই অভিমত রাজ্যের রাজনৈতিক বিশেষজ্ঞদের একাংশের। এবার লোকসভা ভোটের আগে লক্ষীর ভান্ডারের ভাতা বৃদ্ধি করে মমতা কার্যত বাংলার মা বোনদের আরো কাছে এসেছেন। অন্যদিকে কেন্দ্রীয় সরকার দাবি করেছে বিগত পাঁচ বছরে গোটা দেশে ১কোটি মহিলা লাখপতি হয়েছেন যা দেশের মহিলাদের মধ্যে শতাংশে বিচারে খুবই নগণ্য। মুখ্যমন্ত্রী হরিরামপুরে জনসভা থেকে আবাস যোজনা নিয়ে কেন্দ্রীয় সরকার তথা বিজেপিকে আক্রমণ করে বলেন, কেন্দ্র সরকার রাজ্যের সাধারণ গরিব মানুষের ১১ লক্ষ বাড়ির টাকা আটকে রেখেছে, ভোটের পরে আমরা ১১ লক্ষ বাংলার বাড়ির টাকা দিবো তবু মোদির কাছে ভিক্ষা চাইতে যাব না। দীর্ঘদিন ধরে কেন্দ্রীয় সরকার রাজ্যে আবাস যোজনা নিয়ে বিপুল পরিমাণে দুর্নীতি অভিযোগ তুলে টাকা বন্ধ করে রেখেছে। দুর্নীতির তদন্তের জন্য বহুবার কেন্দ্রীয় সরকার তাদের প্রতিনিধি রাজ্যে পাঠালেও এর সমাধান হয়ে ওঠেনি। এবার সেই বিষয়কে হাতিয়ার করে রাজনৈতিক ময়দানে নেমেছে রাজ্যের শাসক দল তৃণমূল। গোটা রাজ্যের পাশাপাশি দক্ষিণ দিনাজপুর জেলাতেও এবার লড়াই হবে রাজ্য সরকারের জনমুখী প্রকল্প বনাম মোদী ম্যাজিকের। বালুরঘাট লোকসভা কেন্দ্রে ২০১৯ সালে প্রথমবারের মতো জয় পেয়ে বিজেপির প্রার্থী ড.সুকান্ত মজুমদার সাংসদ হয়েছিলেন এবারও তিনি এ কেন্দ্রের বিজেপির প্রার্থী। হরিরামপুরে জনসভা থেকে নাম না করে সুকান্তের বিরুদ্ধে অভিযোগ করে মমতা বলেন, কেন উনি রাজ্যের পাওনা টাকা দিতে কেন্দ্রীয় সরকারকে বাধা দিচ্ছেন। বিগত পাঁচ বছর এই জেলায় কেন্দ্রীয় সরকার কোন প্রকার উন্নতি করেনি বলেই অভিযোগ জেলা তৃণমূল নেতৃত্বের। অপরদিকে জেলা বিজেপি জেলায় রেলের অভূতপূর্ব উন্নয়নের দলিল নিয়ে ২০২৪ এর ভোট প্রচারে নেমেছে। ইতিমধ্যেই এই কেন্দ্রে বিজেপি সমর্থনে হরিরামপুর বিধানসভা এলাকায় দেশের স্বরাষ্ট্রমন্ত্রী এবং বালুরঘাটে দেশের প্রধানমন্ত্রী সভা করে গেছেন। ২০২১ বিধানসভা কিংবা ২০২৩ সালের গ্রাম পঞ্চায়েত ভোট সংখ্যার নিরিখে বালুরঘাট লোকসভা কেন্দ্রে এগিয়ে রয়েছে তৃণমূল প্রার্থী তথা রাজ্যের মন্ত্রী বিপ্লব মিত্র।

## কানাডার ইতিহাসে সবচেয়ে বড় সোনা চুরির ঘটনায়

# ছয়জনকে গ্রেপ্তার করা হয়েছে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কানাডার ইতিহাসে সবচেয়ে বড় সোনা চুরির ঘটনায় ছয়জনকে গ্রেপ্তার করা হয়েছে। যার মধ্যে আছেন দুজন ভারতীয় বংশোদ্ভুত । ২০২৩ সালে কানাডার বিমানবন্দর থেকে কয়েক মিলিয়ন ডলার মূল্যের সোনা চুরি যায়। বুধবার পিল রিজিওনাল পুলিশ ছয়জনকে গ্রেপ্তার করে।সোনা চুরির ঘটনার সময় পরমপাল এয়ার ইন্ডিয়ায় কাজ করতেন। তিনি জাতীয় পতাকা বহনের দায়িত্বে ছিলেন। তার সঙ্গে ছিলেন ব্র্যাম্পটনের ৩১ বছর বয়সি সিমরানপ্রীত পানেসর। তাঁর বিরুদ্ধেও গোটা কানাডা জুড়ে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়েছে।আরও তিনজনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়েছে। পুলিশের মতে, গ্রেপ্তার হওয়া ছয়জনের মধ্যে আছেন দুইজন ভারতীয় বংশোদ্ভুত। তারা হলেন অন্টারিওর ৫৪ বছরের পরমপাল সিধু আর ৪০ বছরের অমিত জালোটা। এছাড়াও বুধবার গ্রেপ্তার করা হয়েছে ৪৩ বছরের আম্মাদ চৌধুরী, ৩৭ বছরের আলি রাজা আর ৩৫ বছরের প্রসাথ পরমালিঙ্গম। এই ঘটনায় আরও গ্রেপ্তার করা হয়েছে ব্র্যাম্পটনের ২৫ বছর বয়সি ডুরান্টে কিং-ম্যাকলিন। যিনি বর্তমানে আগ্নেয়াস্ত্র পাচার

এরপর ৪ পাতায়

## সাধারণ নির্বাচনের

# চতুর্থ পর্বের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে নির্বাচন কমিশন

**কলকাতা, ১৮ এপ্রিল ২০২৪ : নিউজ সারাদিন :** নির্বাচন কমিশন আজ ২০২৪-এর সাধারণ নির্বাচনের চতুর্থ পর্বের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে। নির্বাচনের এই পর্বে ১৩ মে ২০২৪-এ পশ্চিমবঙ্গে ৮টি সংসদীয় ক্ষেত্রে নির্বাচন হবে। এই কেন্দ্রগুলি হল বহরমপুর (মুর্শিদাবাদ জেলা), কৃষ্ণনগর (নদীয়া জেলা), রানাঘাট (সংরক্ষিত, নদীয়া জেলা), বর্ধমান পূর্ব (সংরক্ষিত, বর্ধমান জেলা), বর্ধমান - দুর্গাপুর (দুটিই বর্ধমান জেলা), আসানসোল (বর্ধমান জেলা), বোলপুর (সংরক্ষিত, বীরভূম জেলা) এবং বীরভূম (বীরভূম জেলা)। পশ্চিমবঙ্গ ছাড়াও ওই তারিখে যে সব রাজ্যে নির্বাচন হবে সেগুলি হল অন্ধ্রপ্রদেশ, বিহার, ঝাড়খন্ড, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, ওড়িশা, তেলঙ্গানা, উত্তরপ্রদেশ এবং জম্মু ও কাশ্মীর। সারা দেশে ৯৫টি সংসদীয় ক্ষেত্রে ১৩ মে ২০২৪ নির্বাচন হবে। এছাড়াও ওই দিনে দেশের ৭৬টি বিধানসভা কেন্দ্রেও ভোট নেওয়া হবে। বিজ্ঞপ্তি অনুযায়ী মনোনয়ন জমা দেওয়ার শেষ তারিখ ২৫ এপ্রিল ২০২৪ এবং মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ২৯ এপ্রিল ২০২৪। ২৬ এপ্রিল ২০২৪ মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। নির্বাচন কমিশন ভোটদানের সময়ও নির্দিষ্ট করেছে। পশ্চিমবঙ্গে ১৩ মে ২০২৪-এ ভোটদান শুরু হবে সকাল ৭টায়, চলবে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

১-ম পাতার পর

# কালীঘাটের কাকুর কণ্ঠস্বরের রিপোর্ট হাতে পেল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট

নিয়োগ দুর্নীতি তদন্ত অনেকটা এগিয়ে গেল বলেই মনে করছেন ইডি আধিকারিকরা।

সেখান থেকেই মুখবন্ধ খামে ইডি-র কাছে এল রিপোর্ট। নিয়োগ দুর্নীতিকাণ্ডে এই কণ্ঠস্বরের রিপোর্ট বড় ভূমিকা পালন করতে পারে বলে মনে করছেন তদন্তকারীরা। কালীঘাটের কাকুর কণ্ঠস্বর যদি মিলে যায়, তাহলে অকাট্য প্রমাণ পেশ করতে পারবে ইডি। সেক্ষেত্রে তদন্ত অন্যদিকে মোড় নেবে।

ফরেন্সিক ল্যাবরেটরি থেকে যে রিপোর্ট পাঠানো হয়েছে, তাতে কী বলা হয়েছে, সে বিষয়ে এখনও সরকারিভাবে কিছু জানাননি ইডি আধিকারিকরা। তবে তদন্তকারীদের সূত্রে জানা গিয়েছে,এর আগে কালীঘাটের কাকুর কণ্ঠস্বরের যে নমুনা পাওয়া গিয়েছিল, তার সঙ্গে রেকর্ড করা কণ্ঠ মিলে গিয়েছে বলে রিপোর্ট দেওয়া হয়েছে। ফলে আদালতে এই রিপোর্ট পেশ করা যাবে। নিয়োগ দুর্নীতি মামলায় এই রিপোর্ট অত্যন্ত গুরুত্বপূর্ণ হতে চলেছে। কেন্দ্রীয় ফরেন্সিক ল্যাবরেটরির রিপোর্ট আদালতে গ্রাহ্য হবে বলেই আশা ইডি আধিকারিকদের।

২ পাতার পর

# মুদির দোকানে চাল-ডাল-তেল-নুনের সঙ্গে ওষুধও বিক্রির অনুমতি দেবে কেন্দ্রীয় সরকার

একটি কমিটি গঠন করেছে কেন্দ্রের স্বাস্থ্যমন্ত্রক।

একটা সময় গ্রামে তো বটেই, শহর-মফস্বলেও মুদির দোকানে ওষুধ পাওয়া যেত। অনেকে বাড়ি থেকেও ওষুধ বিক্রি করতেন। বাস্তব পরিস্থিতি বিবেচনায় রেখে প্রশাসন কখনও তাতে বাধা দেয়নি। কারণ, তখন শহরেও আজকের মতো পাড়ায় পাড়ায় দুটো-চারটে করে ওষুধের দোকান ছিল না। এখন সরকারিভাবেই মুদির দোকানে ওষুধ বিক্রির অনুমতি দেওয়ার কথা বিবেচনা করা হচ্ছে। তবে সেই অনুমতি মিলবে প্রত্যন্ত গ্রাম এলাকায় যেখানে পাঁচ-দশ কিলোমিটারের মধ্যে ওষুদের দোকান নেই।সরকারি সূত্রে বলা হচ্ছে, এখনও গ্রামে বহু মানুষ ওষুধের অভাবে অসুখবিসুখের যন্ত্রণা ভোগ করেন। যেমন হার্টের ব্যথা উঠলে সরবিট্রেট জরুরু ওষুধ। প্রেসার, সুগার, কোলেস্টেরলের ওষুধ প্রতিদিন খেতে হয়।

২ পাতার পর

# রায়গঞ্জে মোদী এইমসের জায়গা চেয়েছিলেন, মমতা দেয়নি:শুভেন্দু

দিয়েছেন, এবারে আরও বড় শিক্ষা দিতে হবে।"কেন একথা বলছেন তার ব্যাখ্যা দিয়ে শুভেন্দু বলেন, "দোকান খুলে সরকারি চাকরি বিক্রি করেছে। বেকার যুবকদের কাছ থেকে কোটি কোটি টাকা নিয়েছে। পার্থ-সহ গোটা শিক্ষা দফতরটাই জেলে! চুরি, দুর্নীতি ছাড়া ওই জেলা উন্নয়নের ছোঁয়া পাইনি।"

এরপরই রায়গঞ্জে এইমসের প্রসঙ্গ টেনে নন্দীগ্রামের বিধায়ক বলেন, " রায়গঞ্জে মোদী এইমসের জায়গা চেয়েছিলেন, মমতা দেয়নি। মোদী এখনও চান উত্তরবঙ্গে এইমসের মতো একটা হাসপাতাল হোক। আপনারা কার্তিককে দিল্লিতে পাঠান। আমি গ্যারান্টার রইলাম। রাজ্যের জায়গা লাগবে না, রেল-বিএসএফ এর জায়গায় আমরা এইমস করব।"

রায়গঞ্জে এবারে তৃণমূল প্রার্থী কৃষ্ণ কল্যাণী একুশের বিধানসভা ভোটে বিজেপির হয়ে রায়গঞ্জ থেকে জিতেছিল। পরে তৃণমূলে যোগ দেন। নাম না করে কৃষ্ণর উদ্দেশে শুভেন্দুর হুঁশিয়ারি, "অনেক দুর্নীতির সঙ্গে যুক্ত। ওর ভবিষ্যৎটাও শাহজাহান, জ্যোতিপ্রিয় মল্লিকের মতো হবে।"

# আজ রাজ্যে লোকসভার প্রথম দফার ভোট

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নিশীথ প্রামাণিকের আর্জিতে সিলমোহর দিল নির্বাচন কমিশন। আজ রাজ্যে লোকসভার প্রথম দফার ভোট। সেই ভোটে যাতে অশান্তি না ছড়ায় দিনহাটায় তার জন্য উদয়ন গুহকে ভোটের দিন এলাকায় বন্দি রাখার আর্জি জানিয়েছিলেন বিজেপি প্রার্থী। তাতেই অবশেষে সিলমোহর দিয়েছে নির্বাচন কমিশন। প্রসঙ্গত উল্লেখ্য কয়েক মাস আগেই নিশীথ প্রামাণিকের কনভয়ে হামলা চালানোর অভিযোগ উঠেছিল উদয়ন গুহর দলবলের বিরুদ্ধে। রীতিমতো হাতাহাতিতে জড়িয়ে পড়েছিলেন দুই নেতা। এই নিয়ে জোর উত্তেজনা তৈরি হয়েছিল দিন হাটায়। দফায় দফায় উদয়ন

এরপর ৪ পাতায়




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১০৬ সংখ্যা ১৯ এপ্রিল, ২০২৪ শুক্রবার ০৬ বৈশাখ, ১৪৩১

৩ পাতার পর

## আজ রাজ্যে লোকসভার প্রথম দফার ভোট

গুহর সঙ্গে নিশীথ প্রামাণিকের বিবাদ প্রকাশ্যে এসেছে। উদয়ন গুহ পাল্টা নিশানা করে বলেছেন দুই নেতার বাড়িতেই তল্লাশি চালাক কমিশন। যার বাড়িতে দুষ্কৃতি পাওয়া যাবে তাকে যেন গ্রেফতার করা হয়। প্রকাশ্যে এই অভিযোগ করেছেন তিনি।ইতিমধ্যেই ভোট কর্মীরা সেখানে পৌঁছে গিয়েছেন। বুথে বুথে পাহারা দিতে শুরু করে দিয়েছে কেন্দ্রীয় বাহিনী। তারমধ্যেই উদয়ন গুহকে নিয়ে এই নির্দেশিকা জারি করেছে নির্বাচন কমিশন। আজ তিনি নিজের এলাকার বাইরে বেরোতে পারবেন না। কড়া নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন।

পাল্টা চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়েছেন উদয়ন গুহ। তিনি কমিশনের কাছে পাল্টা আর্জি জানিয়েছেন তাঁর এবং নিশীথ প্রামাণিকের গাড়ি পরীক্ষা যেন করা হয়। তাহলেই স্পশট হয়ে যাবে কে আসল গুণ্ডা। গতকাল নিশীথ প্রামাণিক অভিযোগ করেছিলেন উদয়ন গুহই ভোটের দিন অশান্তির পাণ্ডা। তিনিই দলবল নিয়ে হামলা চালান অশান্তি করেন তাই ভোটের দিন তাঁকে এলাকাতেই বন্দি করা হোক। এলাকার বাইরে যেন তিনি বেরোতে না পারেন।নিশীথের সেই আর্জিতে সারা দিয়েই আগামীকাল উদয়ন গুহর গতিবিধির উপর নিষেধাজ্ঞা জারি করেছে নির্বাচন কমিশন। নিজের এলাকার বাইরে বেরোতে পারবেন না তিনি এমনই কড়া নির্দেশিকা জারি করা হয়ছে। নির্বাচন কমিশন জানিয়ে দিয়েছে নিজের বিধানসভা এলাকার বাইরে বেরোতে পারবেন না তিনি। উদয়ন গুহ পাল্টা অভিযোগ করেছেন বিজেপি প্রার্থীর আবদারে কমিশন সারা দিয়েছেন। মানুষ জবাব দেবে। পাল্টা নিশীথ প্রামাণিককে নিশানা করে উদয়ন গুহ বলেছেন বিজেপি প্রার্থীকেই বাড়ি থেকে বেরোতে দেওয়া উচিত নয়। কেবল ভোট দিতে দেওয়ার অনুমতি দেওয়া উচিত।

## সম্পাদকীয়

### ভিভিপ্যাট মেশিনের কারিকুরি বদল করতে হবে

ভিভিপ্যাট-ইভিএম ইস্যুতে সুপ্রিম কোর্ট বৃহস্পতিবার (১৮ এপ্রিল) মহড়া ভোটে (মক পোল) বিজেপির পক্ষে অতিরিক্ত ভোট পড়ার বিষয়ে নির্বাচন কমিশনকে সতর্ক করে দিল। এই অভিযোগ খতিয়ে দেখার নির্দেশ দিয়েছে দেশের সর্বোচ্চ আদালত।এরপর আদালত নির্বাচন কমিশনকে ভোটপ্রক্রিয়া, ইভিএম সংরক্ষণ এবং ভোট গণনার কথা বলে। বিচারপতি খান্না বলেন, ইভিএম কারচুপি এবং নষ্ট করার বিরুদ্ধে কোনও কঠোর শাস্তির বিধান নেই। এটা খুবই গুরুতর। যারা এরকমটা করবে, তাদের বিরুদ্ধে শাস্তির ভয় তৈরি করা জরুরি। বিচারপতি দত্ত আবেদনকারীদের আইনজীবীদের বলেন, আমাদের কাউকে বিশ্বাস করতেই হবে। এইভাবে ব্যবস্থাকে অপদস্থ করার চেষ্টা করবেন না। এ ধরনের বিদেশের উদাহরণ এখানে টেনে আনবেন না। ইউরোপীয় দৃষ্টান্ত এখানে কাজে আসবে না।বিচারপতি সঞ্জীব খান্না এবং দীপঙ্কর দত্তর বেঞ্চ নির্বাচন কমিশনকে এই মৌখিক আদেশ দেয় এদিন।

অবাধ, সুষ্ঠ ও স্বচ্ছ ভোটাধিকারের দাবিতে ইভিএমের সঙ্গে ভিভিপ্যাটের স্লিপ গোনা চালুর আর্জি জানিয়েছিল অ্যাসিসেয়েশন ফর ডেমোর্ক্যাটিক রিফর্সসহ (এডিআর) বেশ কয়েকটি সংগঠন ও সমাজকর্মী। গত মঙ্গলবারের পর এদিনও সেই আর্জির শুনানিতে এডিআরের পক্ষে আইনজীবী প্রশান্ত ভূষণ আদালতের দৃষ্টি আকর্ষণ করেন।

কেরলের কাসারগোড়ের জেলা কালেক্টরের কাছে বাম ও সংযুক্ত গণতান্ত্রিক মোর্চা এ সংক্রান্ত একটি অভিযোগ করেছিল বলে সংবাদমাধ্যমে খবর প্রকাশিত হয়। যেখানে বলা হয়েছিল, মহড়া ভোট চলাকালীন দেখা যায়, ইভিএমে প্রদত্ত ভোটের তুলনায় ভিভিপ্যাটে বেরনো স্লিপের সংখ্যায় গরমিল রয়েছে। ইভিএমে একটি অতিরিক্ত ভোট বিজেপির পক্ষে পড়েছিল। তা নিয়েই আদালত সতর্ক করে নির্বাচন কমিশনকে।ভোটে ব্যালট জমানা ফিরিয়ে আনার বিষয়ে সুপ্রিম কোর্টে একটি আবেদনের শুনানি ছিল মঙ্গলবার। সেই শুনানিতে আবেদনকারীদের একজনের কৌঁসুলি প্রশান্ত ভূষণকে বিচারপতি সঞ্জীব খান্না বলেন, 'আমাদের বয়স ৬০ বছর হয়ে গিয়েছে। ব্যালটে যখন ভোটগ্রহণ হতো তখন কী হতো তা আমাদের জানা আছে। আপনিও হয়তো জানেন। কিন্তু, আমরা ভুলিনি।'

সুপ্রিম কোর্ট আরও বলে, আমরা ব্যালট পেপারের দিনে ফিরে যেতেই পারি। আরেকটি রাস্তা আছে, তা হল ভিভিপ্যাটের কাগজের টুকরোটি ভোটারদের হাতে তুলে দেওয়া। অন্যথায় ভিভিপ্যাটের টুকরো কাগজটি ভোটার হাতে নিয়ে নিজে ব্যালট বাক্সে ফেলে দেবেন। তাতে ভিভিপ্যাট মেশিনের কারিকুরি বদল করতে হবে।প্রসঙ্গত, ভারতে ইভিএম-এ ভোট নিয়ে বিরোধী দলগুলির অভিযোগ দীর্ঘদিনের। ইউরোপীয় এবং উন্নত দেশগুলির অনেক জায়গাতেই এখনও পুরনো ব্যালট প্রথা ভোট হয়ে থাকে। ইভিএম দুর্নীতির অভিযোগ প্রমাণিত না হলেও ভারতের নির্বাচন কমিশন পরবর্তীকালে ভিভিপ্যাট সিস্টেম চালু করে।

ভিভিপ্যাট ব্যবস্থায় ভোটার দেখতে পান তাঁর দেওয়া ভোটটি ঠিক জায়গায় পড়েছে কিনা। ভিভিপ্যাটে বেরনো কাগজের টুকরোটি গোপনে রক্ষা করা হয়। ইভিএম কারচুপির কোনও অভিযোগ উঠলে তবেই তা গোনার রীতি চালু আছে। অ্যাসোসিয়েশন ফর ডেমোর্ক্যাটিক রিফর্মস (এডিআর) এবং সমাজকর্মী অরুণ আগরওয়ালের আর্জি ভোটপ্রক্রিয়াকে নিশ্চিত করার জন্য ভিভিপ্যাটের সমস্ত স্লিপ গোনার পদ্ধতি চালু হোক।এই আবেদনের প্রেক্ষিতে গত ১ এপ্রিল শীর্ষ আদালত নির্বাচন কমিশন এবং কেন্দ্রকে জবাব দিতে বলেছিল। তারই শুনানিতে এদিন সুপ্রিম কোর্ট ব্যালট পেপারে ভোটের সমস্যার কথা তুলে ধরে। প্রশান্ত ভূষণ সওয়ালে বলেন যে, অনেক ইউরোপীয় দেশ যারা ইভিএমে ভোট করত, তারা ফের ব্যালট পদ্ধতিতে ফিরে এসেছে। ভূষণ দৃষ্টান্ত দিয়ে জার্মানির কথা তুলে ধরেন। তার জবাবে বিচারপতি দীপঙ্কর দত্ত বলেন, জার্মানির জনসংখ্যা কত? উত্তরে ভূষণ বলেন, মোটামুটি ৬ কোটি হবে। তখন বিচারপতি দত্ত বলেন, আমার জন্মভিটে পশ্চিমবঙ্গের জনসংখ্যাও জার্মানির চেয়ে বেশি। বিচারপতি খান্না বলেন, ভারতে নথিভুক্ত ভোটারের সংখ্যা ৯৭ কোটি। আমরা খুব ভালো করেই জানি, ব্যালটে ভোটের সময় কী হতো।

আবেদনকারীদের আরেক আইনজীবী সঞ্জয় হেগড়ে তখন বলেন, তাহলে ইভিএমে ভোট হলে ভিভিপ্যাট ব্যবহার করা হোক। বিচারপতি খান্নার জবাব, আপনার মতে, নিদেনপক্ষে ৬০ কোটি ভিভিপ্যাট স্লিপ গোনা উচিত, তাই তো?বিচারপতি বলেন, মানুষের হাত ছাড়া মেশিন সাধারণত সঠিক ফল দেয়। একথা ঠিক যে, ইভিএমে ফল পরিবর্তনে মানুষের নেপথ্য হাত আছে কিনা কিংবা এর ভিতরে কলকৌশল-প্রযুক্তি বদল করা হচ্ছে কিনা সেটা যাচাই করা সমস্যার। যদি আপনাদের সেই সমস্যা মেটানোর কোনও পরামর্শ থাকে, তাহলে আমাদের তা জানাবেন।

## আজকের সাংবাদিকথার ভবিষ্যৎ কী



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)

কোন প্রযুক্তি ব্যবহার করছেন, তা গৌণ বিষয়।

সংবাদের খোঁজে প্রতিমুহূর্তেই ঘুরে ফিরছে সাংবাদিকরা। সেই ঘোরাঘুরির মাঝেই চোখে পড়ে অনেক কিছু, যা হয়ত সংবাদ নয় কিন্তু সাংবাদিক মন লিখতে চায়। জানাতে চায় তার পাঠকদের। খবরের জন্য এখন সবসময় মাঠে-ঘাটে যেতে হয় না। ইন্টারনেট, সোশ্যাল মিডিয়ার সুবাদে আরাম কেদারায় বসেও সহজেই লিখে দেয়া যায় বড় বড় খবর। রাজন হত্যা থেকে শুরু করে বেশ কিছু খবর তো মূলধারার সংবাদমাধ্যমের আগে সোশ্যাল মিডিয়া থেকেই আমরা পেয়েছি।এযুগে নির্ভরযোগ্যতার বাছবিচর ছাড়াই সোশ্যাল মিডিয়ার ওপর নির্ভরতা বাড়ছে। ফলে ভুল সংবাদ প্রচারের দায়ও নিতে হয়েছে বেশ কয়েকটি সংবাদ মাধ্যমকে। আন্তর্জাতিক সংবাদমাধ্যমের নামও কিন্তু এই তালিকায় আছে। 'সাংবাদিকের চোখ' এবং বিবেচনাবোধ ছাড়া সোশ্যাল মিডিয়া থেকে যা খুশি তাই প্রচার করে দেয়া নিশ্চয়ই দায়িত্বশীল সাংবাদিকতা নয়। সামাজিক যোগাযোগের মাধ্যমকে অনেক ক্ষেত্রে সংবাদের উৎস বা সূত্র ভাবা যেতে পারে, কিন্তু পরিপূর্ণ এবং প্রশ্নাতীতভাবে ঠিক খবরের পরিবেশক ভাবা কখনোই ঠিক নয়। আধুনিক এই যুগে আমরা সবাই কম বেশি পেপার পড়ি। অনলাইন, প্রিন্টের দুনিয়াতে নানা খবরাখবরের সাথে আমরা আপডেটেড থাকি সংবাদকর্মীদের কল্যাণে। সংবাদকর্মীরা প্রতিনিয়ত ব্যস্ত থাকেন আমাদের জন্য সংবাদ সংগ্রহে। এটাই মূলত তাদের নেশা ও পেশা। ঘটনাপ্রবাহ ও ফিচার এমনভাবে লিখতে হয় যাতে পাঠক একবার পড়লেই পুরো ব্যাপারে সুস্পষ্ট ধারণা পান। এ জন্য যা করতে হবে তা হলো রিসার্চ। যে বিষয় বা ঘটনা নিয়ে লিখবেন, ঐ বিষয়টি গুগল করুন। আপনার সামনে আসবে আসবে হাজার হাজার তথ্য। নিজের প্রয়োজন মত তথ্যাদি সংগ্রহ করুন ও তা প্রয়োগ করুন লেখার সময়।

ফিচার রাইটার ( যারা পেপার / পত্র পত্রিকার জন্য খবর সংগ্রহ করেন তা লেখেন প্রকাশের জন্য) টেলিভিশন সাংবাদিকতা (যেখানে মাইক্রোফোন আর ক্যামেরা হাতে সাংবাদিক ও তার দল চলে যান খবর সংগ্রহে যা আমরা পরবর্তীতে টিভি খবরে দেখতে পাই) ফটোজার্নালিস্ট (এই ব্যক্তি সাংবাদিক তবে খবর সংগ্রহের না, ছবি সংগ্রহের। ভারতবর্ষের এমনকি বিশ্বে কোথায় কি হচ্ছে তার সাথে আপটু ডেট থাকা ও দরকারে ক্যামেরা নিয়ে ছবি তোলা ও ভিডিও করা এ ধরনের সাংবাদিক এর কাজ) প্রথমেই খেয়াল রাখতে হবে আপনি কোন বিষয়ের উপর আর্টিকেল লিখবেন। যদি কোন সাম্প্রতিক ঘটনা বা ইস্যু নিয়ে লিখতে চান তবে আপনাকে কিছু প্রশ্নের উত্তর জানতে হবে -

- ঘটনার সাথে কারা কারা জড়িত আছে
- কোথায় ঘটেছে ঘটনাটি, কেন ঘটেছে
- কবে ঘটেছে ( দিন, তারিখ, সময়)
- কিভাবে ঘটলো, সূত্রপাত, ঘটনাপ্রবাহ ও বিস্তারিত
- ঘটনা ঘটার সময়ে আশে পাশে থাকা বক্তা / একাধিক বক্তার মন্তব্য! বড় বড় সংবাদ সংগ্রহকারী ওয়েবসাইট আছে যার সারাবিশ্বের সংবাদ মুহূর্তের মধ্যে সংগ্রহ করার কাজে নিয়োজিত যেমন - রয়টার্স, বিবিসি, সিএন এন ইত্যাদি। এদের ওয়েবসাইট ব্যবহার করে সংবাদ তৈরী করতে পারেন। নিয়মিত পেপার, টেলিভিশনের সাথে আপ-টু-ডেট থাকা আপনার জ্ঞানকে বাড়িয়ে তুলবে রিসার্চ এর ব্যাপারে। একজন ভালো সংবাদকর্মী হতে হলে আপনাকে অবশ্যই গবেষণা ও রিসার্চ করতে হবে ও যে কোন বিষয়ে সাধারণ জনগণের চেয়ে বেশি জানতে হবে। সবকিছুর মূলে রয়েছে সংবাদ পত্রিকা বা সংবাদ সংস্থা বা সংবাদ পরিবেশন করার যে মাধ্যম সেই মাধ্যমকে আজকের দিনে বাঁচিয়ে রাখাটা কঠিন পরিস্থিতি তৈরি হয়েছে। সংবাদ প্রতিষ্ঠা কে এক শ্রেণীর রাজনৈতিক নেতারা গলাটিপে হত্যা করার চেষ্টা করছে অন্যদিকে তেল খচ্চর নামে পকেট মানি দিয়ে সাংবাদিকদেরকে অসৎ পথে নিয়ে যাচ্ছে, সব সাংবাদিকরা সংবাদমাধ্যমের মালিকদের কারীদে তেমনি অর্থ পাচ্ছে না কেন মালিকরা নিজেদের সংসার চালাতে হিমশিম খাচ্ছে বর্তমান পরিস্থিতিতে দাঁড়িয়ে। তারা না পাচ্ছে কেন্দ্রীয় সরকারের বিজ্ঞাপন না পাচ্ছে রাজ্য সরকারের বিজ্ঞাপন না অসৎ পথে উপায়। তাহলে সংবাদসংস্থার কর্মচারীদের মাইনে কিভাবে তারা দেবে এ নিয়ে দিনের পর দিন ভুগছে মালিকপক্ষ । আর এই কারনেই বর্তমান পরিস্থিতিতে হাজার-হাজার কাগজ বিলুপ্তির পথে চলে গিয়েছে। সাংবাদিকরা বেঁচে থাকলে যে প্রতিষ্ঠান বেঁচে থাকবে এটা সত্য নয়। প্রতিষ্ঠান বেঁচে থাকলে সাংবাদিকরা বেঁচে থাকবে, যুগে উল্টোটাই হচ্ছে সাংবাদিকরা লোকাল থেকে লক্ষ লক্ষ টাকা ইনকাম করছে অথচ কাগজের মালিকের কাছে বা প্রতিষ্ঠানের মালিকের কাছে সেই অর্থ পৌঁছাচ্ছে না। প্রতিষ্টান বাঁচিয়ে রাখার জন্য আজকের মালিকপক্ষ রাই চেষ্টা চালাচ্ছে লোকালে অর্থনৈতিক সাহায্য তুলে এনে প্রতিষ্ঠানকে বাঁচিয়ে কয়েক লক্ষ বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থান করার। কচু কেন্দ্রের মোদি সরকার কর্মসংস্থান তো দূরের কথা ছোট কাগজগুলো গলাটিপে হত্যা করছে সরকারি বিজ্ঞাপন না দিয়ে। এটা কি মোদি সরকারের দ্বিচারিতা নয়, মোদি সরকার বড় বড় কর্পোরেট হাউসকে সরকারি বিজ্ঞাপন দিয়ে নিজের ভাবমূর্তি স্বচ্ছ রেখেছে। অথচ প্রকৃত গ্রাম গঞ্জের সত্য কথা লেখা কাগজগুলো আদর্শ সাথে যারা তৈরি করছে সেই সব কাগজগুলো সরকারি বিজ্ঞাপন দেওয়া বন্ধ করে দিয়েছে এক প্রকার সত্য কণ্ঠটা কে রোধ করে দিয়েছে। এটা কেন্দ্রীয় সরকারের দ্বিচারিতা বলে মনে করছে পশ্চিমবাংলার ছোট ছোট পত্রপত্রিকার মালিক সংবাদকর্মী ও সম্পাদকরা। আগামী দিনে এই ধরনের দ্বিচারিতা বন্ধ না হলে, তাহলে বিগত লোকসভা ভোটে তার প্রভাব পড়বে তেমনই ইঙ্গিত স্পষ্ট গ্রামগঞ্জের ছোট পত্রপত্রিকার কর্মী সংগঠনের মুখে প্রকাশ পাচ্ছে। এসমস্ত কাগজের যদি কেন্দ্রীয় সরকার তাদের পাশে থেকে সরকারি বিজ্ঞাপন দিয়ে অর্থ সাহায্য করে বাঁচিয়ে রাখে, তাহলে আগামী দিনের কেন্দ্রীয় সরকারের ভাবমূর্তি উজ্জ্বল হবে বলে ইঙ্গিত স্পষ্ট।

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## গোষ্ঠীকোন্দল বন্ধে কড়া বার্তা দিয়েছেন অভিষেক

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সুজয়কৃষ্ণ ভদ্র ওরফে কালীঘাটের কাকুর কণ্ঠস্বরের নমুনা সংক্রান্ত ফরেন্সিক রিপোর্ট এলো ইডির হাতে। এ প্রসঙ্গেই মেজাজ হারালেন অভিষেক বন্দ্যোপাধ্যায়।এদিকে, অভিষেক এদিন দাবি করেন, বর্ধমান পূর্বের সাতটি বিধানসভা ক্ষেত্রেই তৃণমূল নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পাবে। বিগত লোকসভা নির্বাচনের চেয়েও বেশি ব্যবধানে জিতবে। সূত্রের খবর, বৈঠকে মেমারি, জামালপুর, রায়না বিধানসভায় গোষ্ঠীকোন্দল বন্ধে কড়া বার্তা দিয়েছেন অভিষেক। বিধায়কদের ভূমিকাতেও অসন্তোষ প্রকাশ করেন। কালনা পুরসভার কাজকর্মেও খুশি নন অভিষেক। চেয়ারম্যানকে নির্দেশ দেন জনসংযোগ বাড়াতে।আজ কালনায় বর্ধমান পূর্ব লোকসভা কেন্দ্রের সাতটি বিধানসভা ক্ষেত্রের বাছাই নেতা-কর্মীদের সঙ্গে বৈঠক করলেন অভিষেক।মুখবন্ধ খামে সেন্ট্রাল ফরেন্সিক ল্যাবরেটরি থেকে কালীঘাটের কাকুর কণ্ঠস্বরের রিপোর্ট ইডির কাছে পৌঁছেছে। এ বিষয়ে সরকারিভাবে ইডি কিছু না জানালেও সূত্রের খবর, কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার কাছে যে কল রেকর্ডিং রয়েছে, তার সঙ্গে সুজয়কৃষ্ণ ভদ্রের নমুনা কণ্ঠস্বর সংক্রান্ত ইতিবাচক রিপোর্টই এসেছে। তবে যতক্ষণ না বিষয়টি আদালতে ইডি জানাচ্ছে ততক্ষণ কিছুই সরকারিভাবে জানতে পারার অবকাশ নেই।

অভিষেককে এ নিয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, ইডি আদালাতে জানাবে, জানাক। তবে ভয়েস ক্লিপিং যাঁর সঙ্গে কথোপকথনের তাঁকে কি অ্যারেস্ট করেছে? অভিষেককে সাংবাদিক পাল্টা বলেন, কার সঙ্গে কথোপকথন? অভিষেকের উত্তর, সেটা ইডিই বলতে পারবে। আমি তো ইডিতে চাকরি করি না।এখানেই না থেমে অভিষেক বলেন, আপনার চ্যানেলের ইন্টারেস্ট বুঝতে পারছি। যখন কাউকে টাকা নিতে দেখা যায় তাকে ইডি বা সিবিআই কেন ডাকে না, সে বিষয়ে প্রশ্ন করেছেন? আমি তো হাইকোর্ট, সুপ্রিম কোর্টে লড়ছি। ইডিকে জানতে চেয়েছেন, তাদের এএসজি সুপ্রিম কোর্টে ক্ষমা চেয়েছেন কিনা। সেই সৎ সাহস আছে?

অভিষেক আরও বলেন, আমাকে প্রশ্ন করছেন করুন। আরও ১০টা প্রশ্ন করুন, ১ ঘণ্টা দাঁড়িয়ে উত্তরও দেব। আপনারা সাংবাদিক বলে দাবি করলেও বেছে বেছে প্রশ্ন করেন। কিন্তু যেখানে যাঁকে যে প্রশ্ন করার দরকার সেটা করেন না। এরপরই বিজেপিকে তীব্র নিশানা করেন অভিষেক।

আদালতে ইডি দাবি করেছে, অরবিন্দ কেজরিওয়াল জামিন পেতে বেশি করে আম, মিষ্টি খাচ্ছেন। এ প্রসঙ্গে অভিষেক বলেন, অরবিন্দ কেজরিওয়াল জেলে বসে আম খাচ্ছেন,বিজেপির সর্বভারতীয় সভাপতি তো বাড়ি বসে আম খাচ্ছেন। আবগারি দুর্নীতির ১০০ কোটি টাকার মধ্যে ৫৫ কোটি তো নির্বাচনী বন্ডের মাধ্যমে বিজেপির কাছে গিয়েছে।ফলে কেন জেপি নাড্ডাকে গ্রেফতার করা হবে না? সেই প্রশ্ন তোলেন অভিষেক। তিনি বলেন, নরেন্দ্র মোদী বলছেন নির্বাচনী বন্ড করা হয়েছিল যাতে কে কাকে টাকা দিচ্ছে সেটা জানা যায়। কিন্তু তা তো চেক, আরটিজিএস, এনইএফটির মাধ্যমেই দেওয়া যেত। ইলেক্টরাল বন্ডের কোন দরকার ছিল?

বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য বলেন, কালীঘাটের কাকুর ভয়েস স্যাম্পল মিলবে, এটা প্রত্যাশিতই ছিল। তবে এর উপর নির্ভর করে এরপর হরিপালের কাকুকে ধরলে আর সেটা মানুষ নেবে না। কার সঙ্গে কথোপকথনের জন্য ইডির এই প্রচেষ্টা, তদন্ত? তিনি কবে ধরা পড়বেন? এরপর কে নোটিশ পাবেন, কাকে ডেকে আনা হবে?শমীকের কথায়, তদন্তের দীর্ঘসূত্রিতায় মানুষ ক্লান্ত, হতাশ, বিরক্ত। তবুও তাঁরা কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার উপর আস্থা রাখছেন যে, প্রকৃত সত্য তারাই উদ্ঘাটন করতে পারবে। আদালতের উপরও ভরসা আছে। কিন্তু তদন্তের গতিটা তো এবার বাড়ান। আর কাকু নয়, এবার জেঠুকে নিয়ে আসুন।

## আদি অনন্ত কাল হইতে শিব ও মনসা জঙ্গল অধিপত্য দেব ও দেবী



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

তবে মনস' শব্দের স্ত্রী লিঙ্গে 'আপ' প্রত্যয় করে মনসা শব্দের ব্যুৎপত্তি। সুতরাং এই দিক থেকে মনসা মনের অধিষ্ঠাত্রী দেবী। দেবী ভাগবত ও ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ পুরান বলেন - সর্প ভয় থেকে মনুষ্যদের উদ্ধারের জন্য পরম পিতা ব্রহ্মা কশ্যপ মুনিকে বিশেষ মন্ত্র বিশেষ বা বিদ্যা আবিস্কারের কথা বলেন। হয়তো এখানে বিষের ঔষধ আবিস্কারের কথা সেই সাথেও বলা হয়। **ক্রমশঃ**

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

৩ পাতার পর

## কানাডার ইতিহাসে সবচেয়ে বড় সোনা চুরির ঘটনায় ছয়জনকে গ্রেপ্তার করা হয়েছে

মামলায় আমেরিকার হেফাজতে রয়েছেন।

২০২৩ সালের ১৭ এপ্রিল কানাডার বিমানবন্দরের সুরক্ষিত লকার থেকে ২২ মিলিয়ন ডলার মূল্যের সোনা ও বৈদেশিক মুদ্রার কার্গো কন্টেনার চুরি যায়। যা সদ্য সুইজারল্যান্ডের জুরিখ থেকে কানাডায় এসে পৌঁছেছিল। পুলিশের অনুমান, ভুয়ো কাগজপত্র দেখিয়ে চুরি করা হয়েছিল। এয়ার কানাডার অন্তত দুজন কর্মীর সঙ্গে জড়িত ছিল। তাদের মধ্যে একজন পুলিশি হেফাজতে রয়েছেন। অন্যজনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়েছে।

# সিনেমার খবর

cinema TV

## সালমানের বাড়িতে গুলি চালানোর দায় স্বীকার বিষ্ণোই গ্যাংয়ের





**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেতা সালমান খানের বাড়ির বাইরে রবিবার ভোর ৫টা নাগাদ চার রাউন্ড গুলি চালিয়ে পালিয়েছে দুই অজ্ঞাতপরিচয় ব্যক্তি। তারপর থেকেই আতঙ্ক বান্দ্রার গ্যালাক্সি অ্যাপার্টমেন্টে। এই ঘটনায় নড়েচড়ে বসেছে মুম্বাই পুলিশ। প্রয়োজনীয় পদক্ষেপের নির্দেশ দিয়েছেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে। কে বা কারা এই ঘটনার পিছনে রয়েছে, তা জানতে তদন্ত শুরু করেছিল পুলিশ। এর মধ্যে বেলা বাড়তেই এল হুমকি চিঠি। গোটা ঘটনার দায় স্বীকার করে নিলে বিষ্ণোই গ্যাং। তারা শুধু ঘটনার দায় স্বীকারই করেনি, সোশ্যাল মিডিয়ায় পোস্ট দিয়ে রীতিমতো হুমকি দিয়েছে অভিনেতাকে।

গত বছর থেকেই ক্রমাগত প্রাণনাশের হুমকি পাচ্ছেন সালমান খান। লরেন্স বিষ্ণোই যে এই গ্যাংয়ের মাথা। তিনি এর আগেই হুমকি দিয়েছেন সালমানকে প্রাণে মেরে ফেলার। এই মুহূর্তে জেলবন্দি গ্যাংস্টার লরেন্স বিষ্ণোই। তার ভাই আনমোল বিষ্ণোই সোশ্যাল মিডিয়ায় লিখেছেন, 'আমদের উপর হওয়া অত্যাচারের নিষ্পত্তি চাই। যদি তুমি সরাসরি যুদ্ধের ময়দানে নামতে চাও, তা-ই সই। আজ যা হয়েছে, তা শুধুই একটা ঝলক ছিল সালমান খান। যাতে তুমি বুঝতে পারো, আমরা কত দূর যেতে পারি। এটাই ছিল তোমাকে দেওয়া শেষ সুযোগ। এরপর গুলিটা তোমার বাড়ির বাইরে চলবে ন্যা দাউদ ও ছোটা শাকিল নামের যে দু'জনকে তুমি মানো, তাদের নামে দু'টি কুকুর পুষেছি বাড়িতে। বাকি বেশি কথা বলার লোক আমি নই।'

উল্লেখ্য, ১৯৯৮ সালে কৃষ্ণসার হরিণ শিকারকাণ্ডে সালমানের নাম জড়িয়েছিল। এর 'বদলা নিতে' সালমানকে খুনের হুমকি দেয় লরেন্স বিষ্ণোই গোষ্ঠী। গত বছর জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ) জানিয়েছিল, জেলবন্দি গ্যাংস্টার বিষ্ণোই যে ১০ জনকে 'খতম তালিকা'য় রেখেছেন, তাদের মধ্যে প্রথমেই রয়েছে সালমানের নাম। তারপর থেকেই সালমানকে নানা ভাবে ভয় দেখানোর চেষ্টা করেছেন এই গ্যাংস্টার। এ বার প্রায় অভিনেতার বাড়িতে হামলা করার মতো ঘটনা ঘটিয়ে ফেললেন তারা।

## ভক্তদের সুখবর দিলেন সালমান খান



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভক্তদের সুখবর দিয়েছেন বলিউড অভিনেতা সালমান খান। ঈদের দিন ঘোষণা করলেন তার নতুন ছবির নাম। সেই সঙ্গে ছবিতে তার চরিত্রটি নিয়েও আভাস দিলেন। সম্প্রতি সালমান তার নতুন ছবি ঘোষণা করেছিলেন। তিনি জানিয়েছিলেন 'গজনি' ছবি খ্যাত দক্ষিণী পরিচালক এআর মুরুগাদসের সঙ্গে জুটি বাঁধতে চলেছেন তিনি। ছবিটি প্রযোজনা করছেন সাজিদ নাদিয়াদওয়ালা। তারপর থেকেই নতুন এই ছবি নিয়ে অনুরাগীদের মধ্যে উত্তেজনার পারদ ক্রমশ ঊর্ধ্বমুখী। বৃহস্পতিবার ঈদের দিন এই ছবির নাম প্রকাশ্যে আনলেন ভাইজান। ছবিটির নাম 'সিকন্দর'। ছবিতে নামভূমিকায় অভিনয় করবেন তিনি।

চলতি বছরে ঈদে মুক্তি পেয়েছে দুটি হিন্দি ছবি। সেই প্রসঙ্গে টেনে ছবির নাম ঘোষণা করে সামাজিক মাধ্যমে সালমান লেখেন, এই ঈদে 'বড়ে মিঞা ছোটে মিঞা' আর 'ময়দান' দেখুন এবং আগামী বছর 'সিকন্দরের' সঙ্গে এসে আলাপ করবেন। আপনাদের ঈদের শুভেচ্ছা। সাজিদের প্রযোজনায় একাধিক ছবিতে দর্শক সালমানকে দেখেছেন। 'জুড়ুয়া' দিয়ে সেই যাত্রার সূত্রপাত। পরেওমুঝসে শাদি করোগ্নি এবং 'কিক'-এর মতো ছবিও দর্শককে উপহার দিয়েছেন এই জুটি। অন্য দিকে ওগজন্ধি ছবিটি মুরুগাদসকে বলিউডে জনপ্রিয়তা এনে দেয়। তামিল ছবির হিন্দি সংস্করণে অভিনয় করেছিলেন আমির খান। উল্লেখ্য, মুরুগাদস এই প্রথম সালমানকে নিয়ে ছবি পরিচালনা করতে চলেছেন। শোনা যাচ্ছে, ছবিতে সালমানের বিপরীতে ইন্ডাস্ট্রির প্রথম সারির কোনো অভিনেত্রীর কথা ভাবা হচ্ছে। ছবিটি আগামী বছর ঈদে মুক্তি পাবে।

## বিবাহবার্ষিকীতে রণবীরকে ভিন্নধর্মী শুভেচ্ছা আলিয়ার





**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ২০২২ সালে সবাইকে চমকে দিয়ে ১৪ এপ্রিল মুম্বাইয়ের বাড়িতেই বলিউড অভিনেত্রী আলিয়ার সঙ্গে সাতপাকে বাঁধা পরেছিলেন রণবীর কাপুর। তাদের বাড়ি বাস্তুতে বসেছিল সেই বিয়ের বাসর। দেখতে দেখতে তাদের দ্বিতীয় বিবাহবার্ষিকী এসে গেল। আর সেই উপলক্ষে বরকে শুভেচ্ছা জানিয়ে একটি অদেখা ছবি পোস্ট করলেন আলিয়া ভাট।

আলিয়া ভাট এদিন তাদের দ্বিতীয় বিবাহবার্ষিকীতে একটি অদেখা ছবি পোস্ট করে রণবীর কাপুরকে শুভেচ্ছা জানান। অভিনেত্রী এদিন একটি সাদা কালো ছবি পোস্ট করেছিলেন। ছবিটি দেখে মনে হচ্ছে এই ছবিটি তাদের রিসেপশনের পর তোলা হয়েছিল। রণবীর সেদিন একটি কালো স্যুট পরেছিলেন। আর আলিয়া পরেছিলেন একটি সিলভার রঙের ড্রেস। তাদের দুজনকে হাসিমুখে ছবিটি তুলতে দেখা গিয়েছে। পরের ছবিটিতে একটি অ্যানিমেটেড ছবি দেখা যাচ্ছে এক বৃদ্ধ দম্পতির। তাদের বাড়ির ছাদে একসঙ্গে নাচতে দেখা হচ্ছে। ছবিটি দেখে মনে হচ্ছে ২০০৯ সালে মুক্তি পাওয়া অস্কারজয়ী পিক্সার মুভি আপের দৃশ্য। এই ছবি দুটি পোস্ট করে এদিন আলিয়া ভাট লেখেন, 'হ্যাপি ২। এখান থেকে শুরু আজ, এবং আজ থেকে আগামী অনেকগুলো বছর পর।'

এদিন তাদের বিবাহবার্ষিকী উপলক্ষে রণবীরের মা নিতু কাপুর তাদের সোশ্যাল মিডিয়ায় শুভেচ্ছা জানিয়ে একটি ছবি পোস্ট করেন। সেখানে তাদের একটি ছবি পোস্ট করে তিনি লেখেন, 'আশীর্বাদে নিও।' আলিয়ার মা, সোনি রাজদানও এদিন তাদের ছবি শেয়ার করে লেখেন, 'হ্যাপিয়েস্ট অ্যানিভারসারি ডার্লিং।' রণবীর এবং আলিয়ার প্রেমের শুরু হয় ব্রহ্মাস্ত্র ছবির সেট থেকে। এরপর ২০২২ সালে তারা বিয়ে করেন। সেই বছরই নভেম্বর মাসে তাদের মেয়ে রাহার জন্ম হয়।







## নারীবাদ সমাজকে ধ্বংস করছে: নোরা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মেধা থাকা সত্ত্বেও অনেকে অবহেলিত থাকেন। মানসম্মত কাজ করেও কেউ কেউ থেকে যান আড়ালে। এসব দেখে মনে হয় ভাগ্যদেবতার আশীর্বাদ না থাকলে ভালো কাজের কদর পাওয়া যায় না। সে ভাগ্য নোরা ফাতেহির আছে। কেননা আইটেম গানে তিনি কোমর দুলালেই সিনেমা হিট হয়ে যায়।

এদিকে প্রতিষ্ঠিত নারীদের অনেকেই নারীবাদের আদর্শে বিশ্বাসী। সবসময় ভাবেন পুরুষরা নারীদের পদে পদে প্রতিবন্ধকতকা তৈরি করে। তবে সাবলম্বী নারী হয়েও এই ধারণা পোষণ করেন না নোরা। তিনি মনে করেন নারীবাদ সমাজকে ধ্বংস করে।

ভারতীয় সংবাদমাধ্যমকে তিনি বলেন, এই ধারণায় আমার দরকার নেই। নারীবাদ শব্দটা আসলে একটা সৃি। এটা একটা ঢেউয়ের মতো প্রবাহিত হচ্ছে। এতে আমি বিশ্বাস করি না। আসলে আমি মনে করি, নারীবাদ আসলে আমাদের সমাজকে ধ্বংস করে দিচ্ছে।

এরপর বলেন, পাশ্চাত্য-প্রাচ্যের সামাজিক ধ্যান-ধারণার মধ্যে অনেক পার্থক্য রয়েছে। এখানে নারীবাদের নামে বলা হচ্ছে, পুরুষরা আসলে মেয়েদের স্বাধীনতায় বাধা, পুরুষরা খারাপ, বিয়ে কোরো না, সন্তানের জন্ম দিও না, এগুলো সব পুরনো ধ্যান-ধারণা, এইসবৃ। এগুলো আখেরে সমাজের ক্ষতিই করছে, পারিবারিক বন্ধন নষ্ট করছে। আরও বলেন, পুরুষরা খাবার সরবরাহকারী, উপার্জনকারী এবং মহিলা লালনপালনকারী, এতে খারাপ কী আছে! আমার তো খারাপ মনে হয় না! নারীবাদকে যেভাবে তুলে ধরা হচ্ছে, সেটা ঠিক নয়। আমি মনে করি, নারীরা লালন-পালনকারী, হ্যাঁ তবে তাঁদরও কাজ করা উচিত এবং তাদেরও নিজস্ব জীবন থাকা উচিত এবং স্বাধীন হওয়া উচিত। তবে সেটাকে নারীবাদের নামে যেভাবে তুলে ধরা হচ্ছে, সেটা ঠিক নয়।

প্রসঙ্গত, সম্প্রতি মুক্তি পেয়েছে নোরা অভিনীত 'মাদগাঁও এক্সপ্রেস'। এটি পরিচালনা করেছেন কুণাল খেমু। ছবিটিতে কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন দিব্যেন্দু, প্রতীক গান্ধী এবং অবিনাশ তিওয়ারি।

## ইন্ডাস্ট্রি কারও বাবার নয়, বিস্ফোরক মন্তব্য বিদ্যার



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বহুদিনের বিতর্ক, বলিউডের অন্দরজুড়ে চলে শুধুই নেপোটিজমের খেলা। অনেক তারকারা এটা নিয়ে কথা বলতে বলতে ক্লান্ত। আবার অনেকে বলতেই থাকেন। সেই দলে রয়েছেন বিদ্যা বালান। এবার তিনি নতুন করে এটা নিয়ে বিস্ফোরক মন্তব্য করেছেন। এক সংবাদমাধ্যমের আলোচনা চক্রে যোগ দিয়েছিলেন বিদ্যা। সেখানেই স্বজনপোষণ নিয়ে প্রতিক্রিয়া দিতে গিয়ে বলেন, 'নেপোটিজম থাক বা না থাক, আমি তো আছি এখানে। কারও বাপের ইন্ডাস্ট্রি নয়, তেমন হলে তো সব বাবার ছেলে আর সব বাবার মেয়েই সফল হয়ে যেত।'

এই সাক্ষাৎকারেই আবার বলিউডের নায়কদের নিয়ে চাঞ্চল্যকর মন্তব্য করেন বিদ্যা। অভিনেত্রী বলেন, আমার তো মনে হয় না তারা (নায়করা) বিদ্যা বালানের ছবি বা কোনও নারীপ্রধান সিনেমায় অভিনয় করতে চাইবেন। সত্যি কথা বলতে কি এটা তাদের ক্ষতি কারণ ওদের থেকে আমাদের সিনেমা বেশি ভালো হয়। ওরা তো সব ফর্মুলা নির্ভর সিনেমা করছে। নারীদের সিনেমা তার থেকে অনেক বেশি এক্সাইটিং হয়। অবশ্য, মানুষজন প্রশংসা করেন কিন্তু পুরুষ অভিনেতারা নারীকেন্দ্রিক সিনেমা নিয়ে অস্বস্তিতে থাকেন। আমার মনে হয় না তারা চাইবেন যে কেউ জায়গাটা নিয়ে নিক। কিন্তু এতে আমার খারাপ লাগে না। যদি ওরা এমন মনে করে আমি কী করতে পারি?'

প্রসঙ্গত, সামনে প্রতীক গান্ধীর সঙ্গে 'দো অউর দো প্যায়ার' সিনেমায় দেখা যাবে বিদ্যাকে। সহ-অভিনেতার সঙ্গেই এই আলোচনাচক্রে এসেছিলেন বিদ্যা। আগামী ১৯ এপ্রিল মুক্তি পাবে সিনেমাটি।

# মায়োর্কাকে হারিয়ে শীর্ষস্থান মজবুত করলো রিয়াল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অহেলিয়া চুয়ামেনির শট মায়োর্কার একজনের গায়ে লাগার পর যে বাঁক নিল, সেটা ফেরানোর কোনো উপায় থাকল না। গোলরক্ষকের নাগালের অনেক বাইরে ক্রসবার আর পোস্টের কোণা দিয়ে বল জড়াল জালে! এই গোলই গড়ে দিল ব্যবধান। মায়োর্কাকে হারিয়ে বার্সেলোনার সঙ্গে ব্যবধান আরও বাড়াল রিয়াল মাদ্রিদ। লা লিগার ম্যাচে শনিবার (১৩ এপ্রিল) ১-০ গোলে জিতেছে কার্লো আনচেলত্তির দল। ৩১ ম্যাচে ৭৮ পয়েন্ট নিয়ে শীর্ষস্থান আরও সুসংহত করেছে রিয়াল। এক ম্যাচ কম খেলা বার্সেলোনা ৬৭ পয়েন্ট নিয়ে আছে দুই নম্বরে। প্রথমার্ধে তিন শট নিয়ে একটিও লক্ষ্যে রাখতে না পারা রিয়াল উন্নতি করে বিরতির পর। এই সময়ে ১৩ শটের ৯টিই লক্ষ্যে রাখে তারা। অন্যদিকে, ম্যাচে ৪৪ শতাংশ সময় বল দখলে রাখা মায়োর্কা ছয় শটের দুইটি রাখে লক্ষ্যে। ভিনিসিউস জুনিয়র, রদ্রিগোর মতো প্রথম পছন্দের বেশ কয়েকজন একাদশে না থাকলেও প্রতিপক্ষের মাঠে শুরু থেকে বল দখল ও আক্রমণে আধিপত্য করে রিয়াল। কোপা দেল রের রানার্সআপ মায়োর্কা মনোযোগ দেয় রক্ষণে। তবে গোলের প্রথম ভালো সুযোগ পায় তারাই। ৩১তম মিনিটে কর্নার থেকে আন্তোনিও রাইলিয়োর হেড চমৎকার রিফ্লেক্সে কোনোমতে ঠেকিয়ে দেন রিয়াল গোলরক্ষক আন্দ্রি লুনিন। তখনও বিপদ ছিল, স্বাগতিকদের কেউ নাগালে পাওয়ার আগেই বল দূরে পাঠিয়ে দেন জুড বেলিংহ্যাম।

দুই মিনিট পর একটুর জন্য গোল পাননি বেলিংহ্যাম। ডি-বক্সের বাইরে থেকে ইংলিশ মিডফিল্ডারের বাঁকানো শট ঝাঁপিয়েও নাগাল পাননি মায়োর্কা গোলরক্ষক পেদ্রাগ রাইকোভিচ। তবে ক্রসবারে লেগে বেরিয়ে যায় বল। ৩৯তম মিনিটে সাদামাটা একটি ক্রস লাফিয়ে নিয়ন্ত্রণে নেওয়ার চেষ্টায় তালগোল পাকান লুনিন। তবে পেছনেই থাকা আন্টোনিও রুডিগারের তৎপরতায় কোনো বিপদ ঘটেনি। মায়োর্কার কেউ সুযোগ নেওয়ার আগেই বুক দিয়ে নামিয়ে গোলরক্ষকের কাছে বল পাঠান জার্মান ডিফেন্ডার।

দ্বিতীয়ার্ধের শুরুতেই সুযোগ পান বেলিংহ্যাম। ৪৭তম মিনিটে ডি বক্সের বাইরে থেকে তার শট ঝাঁপিয়ে ব্যর্থ করে দেন রাইকোভিচ। পরের মিনিটে কিছুই করার ছিল না তার। ডি-বক্সের অনেক বাইরে থেকে চুয়ামেনির ওই পার্থক্য গড়ে দেওয়া গোল। ৫৫তম মিনিটে ব্যবধান দ্বিগুণ করার সুযোগ এসেছিল ব্রাহিম দিয়াসের সামনে। কিন্তু বিপজ্জনক জায়গায় থেকেও তিনি শট নেন রাইকোভিচ বরাবর।

৬১তম মিনিটে কয়েক সেকেন্ডের ব্যবধানে গোলের সুযোগ হাতছাড়া করে দুই দল। মায়োর্কা ফরোয়ার্ড আব্দন প্রাতসের শট চমৎকার স্লাইডে ঠেকান নাচো। পাল্টা আক্রমণে লুকা মদ্রিচের কাছ থেকে ছয় গজ বক্সে বল পান দিয়াস। তার প্রথম স্পর্শ ছিল বেশ বাজে, সেই সুযোগটা নিয়েই গোলের সুবর্ণ সুযোগটি ব্যর্থ করে দেন মায়োর্কা গোলরক্ষক।

৭২তম মিনিটে গোলের আরেকটি 'নিশ্চিত' সুযোগ হাতছাড়া করে রিয়াল। গোললাইন থেকে ফেদে ভালেভেরদের শট ঠেকিয়ে দেন মাতিয়া নাস্তাসিচ। গোলরক্ষক ছিলেন পেছনে, উরুগুয়ে মিডফিল্ডারের হাতে সময় ছিল যথেষ্ট। তবুও তিনি সার্বিয়ান ডিফেন্ডার বরাবর শট নেন, যা অনায়াসেই ঠেকান নাস্তাসিচ। তিন মিনিট পর চমৎকার সেভে ব্যবধান ধরে রাখেন লুনিন। ২৫ গজ দূর থেকে সের্হি দারদের বুলেট গতির শট ঝাঁপিয়ে কর্নারের বিনিময়ে ব্যর্থ করে দেন রেয়াল গোলরক্ষক।

শেষ দিকে রক্ষণে বাড়তি মনোযোগ দেওয়া রিয়াল অন্তিম সময়ে বেঁচে যায় একটুর জন্য। মাঝমাঠ থেকে আসা বল গ্লাভসে নেওয়ার চেষ্টায় তালগোল পাকান লুনিন। তাকে প্রবল চাপে রাখা ভেদাত মুরিকির সামনে ছিল ফাঁকা জাল। বেশি তাড়াহুড়ায় শট লক্ষ্যে রাখতে পারেননি তিনি। ম্যাচে এটাই ছিল শেষ শট!

# অস্ট্রেলিয়ায় ফিরে গেলেন মার্শ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল) খেলার মাঝেই দেশে ফিরলেন অস্ট্রেলিয়ার অলরাউন্ডার মিচেল মার্শ। দিল্লি ক্যাপিটালসের হয়ে আইপিএল খেলছিলেন তিনি। ক্রিকেট অস্ট্রেলিয়ার ডাকে বিশ্বকাপজয়ী তারকাকে ফিরতে হয়েছে দেশে।

ইনজুরির দূর্ভাবনায় তাকে দেশে ফিরিয়েছে অস্ট্রেলিয়া। সামনে টি-টোয়েন্টি বিশ্বকাপ তাই মার্শকে নিয়ে সতর্ক অস্ট্রেলিয়া। দিল্লির সঙ্গে আলাপ করে তাকে দেশে ফিরিয়েছে অস্ট্রেলিয়া। জানিয়ে রাখা ভালো, মার্শ অস্ট্রেলিয়াকে আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপে নেতৃত্ব দেবেন। তাই, তার ওপর বাড়তি নজর ক্রিকেট অস্ট্রেলিয়ার। উল্লেখ্য, গত ৩ এপ্রিল কলকাতার বিপক্ষে ম্যাচ খেলার সময় ডান হ্যামস্ট্রিংয়ে চোট পান মার্শ। এরপর থেকে মাঠের বাইরে। তাকে পর্যবেক্ষণে রাখার কথা বলেছিলেন দিল্লি সহকারী কোচ প্রাভীন আমব্রে।

# বড় সুখবর পেলেন নেইমার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বড় সুখবর পেলেন ব্রাজিলের তারকা ফুটবলার নেইমার। পরিবেশ সুরক্ষা আইন ভঙ্গ করে নিজের বাড়িতে লেক বানানোয় ৩ দশমিক ৩ মিলিয়ন ডলার জরিমানা করা হয়েছিল তাকে। নেইমারের সেই জরিমানা মওকুফ করেছে ব্রাজিলের আদালত। সংবাদ সংস্থা এএফপিকে বিচারক আদ্রিয়ানা রামোস ডি মেলো জানিয়েছেন, আদালতের রুল হাতে পেয়েছে তারা। নিজের বাড়িতে নেইমারের লেক বানানোর জন্য কোনো পরিবেশ বিষয়ক লাইসেন্সের দরকার নেই। নেইমারকে জরিমানা করেছিল মানগারাতিবা শহর পরিষদ সচিবালয়। নেইমারের বাড়ি নিয়ে তাদের অভিযোগ ছিল, পরিবেশ মন্ত্রণালয় ও নগর কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে বাড়ির পাশে কৃত্রিম লেক ও সৈকত নির্মাণ করা হয় এবং যা স্বচ্ছ পানির উৎসে বাধা সৃষ্টি করেছে।

ব্রাজিলের শহর রিও ডি জেনেরিও থেকে ১৩০ কিলোমিটার দূরে পর্যটন এলাকা মানগারাতিবায় ২০১৬ সালে প্রায় ১০ হাজার বর্গমিটার আয়তনের বাড়িটি কিনেছিলেন নেইমার। ওই বাড়িতে হেলিকপ্টার, স্পা ও জিম রয়েছে।

# লিভারপুলের পর আর্সেনালের হার, শীর্ষেই থাকলো ম্যানসিটি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লুটন টাউনকে ৫-১ গোলে উড়িয়ে শীর্ষে বসেছিল ম্যানচেস্টার সিটি। তবে লিভারপুল ও আর্সেনালের চেয়ে ম্যাচ খেলেছিল একটি বেশি। নিকটতম এই দুই প্রতিপক্ষ যদি নিজেদের ম্যাচ জিততো তাহলে তিনে নেমে যেতে হতো সিটিজেনদের। কিন্তু মহাগুরুত্বপূর্ণ সময়ে নিজ নিজ ম্যাচে হারের স্বাদ পেয়েছে লিভারপুল ও আর্সেনাল।

এই দুই দলের হারে ৩২ রাউন্ড শেষে সিটিই থাকল শীর্ষে। এতে লিগের লাগাম এখন পেপ গার্দিওলার দলের হাতে।

ক্রিস্টাল প্যালেসের কাছে ১-০ গোলে হেরে যায় লিভারপুল। তাতে সিটিকে টপকাতে পারেনি ইয়ুর্গেন ক্লপের দল।

খানিক পরেই মাঠে নামা আর্সেনালের সুযোগ ছিল ম্যাচ জিতে শীর্ষে ফেরার। কিন্তু মিকেল আরতেতার দলও অ্যাস্টন ভিলার কাছে হেরে গেছে ২-০ গোলে। ফলে ম্যানচেস্টার সিটির কাছে তুলে দিয়েছে লিগের শীর্ষস্থান। অ্যামিরেটস স্টেডিয়ামে প্রথমার্ধ ছিল গোল শূন্য সমতায়।

আক্রমণে আর্সেনাল আধিপত্য দেখালেও সেভাবে পরিস্কার সুযোগ তৈরি করতে পারেনি। দ্বিতীয়ার্ধে ম্যাচ চলছিল সমান তালে। ড্রয়ের পথেও এগোচ্ছিল ম্যাচ কিন্তু ৮৪ মিনিটে আচমকা গোল পেয়ে যায় অ্যাস্টন ভিলা। নিকোল জানিলোর পাস থেকে গোল করেন লিওন বেইলি।

পিছিয়ে পড়া আর্সেনাল হন্যে হয়ে গোলের খোঁজ করতে থাকে।

ডিফেন্ডাররাও গোলের জন্য ওপরে উঠে যাচ্ছিল। এই সুযোগে প্রতি আক্রমণ কৌশল বেছে নেয় ভিলা। তিন মিনিট পরেই ভিলার হয়ে ব্যবধান বাড়ান ওলি ওয়াটকিনস। বাকি সময়ে গানার ফরোয়ার্ডরা চেষ্টা করেও আর ম্যাচে ফিরতে পারেনি। ফলে শীর্ষে ফেরার সুবর্ণ সুযোগ হাতছাড়া হল আর্সেনালের। ৩২ ম্যাচে ৭৩ পয়েন্ট নিয়ে শীর্ষে ম্যানসিটি। ৭১ পয়েন্ট করে নিয়ে দুইয়ে আর্সেনাল ও তিনে লিভারপুল। বাকি ছয় ম্যাচে ম্যানসিটি পা না ফসকালে শিরোপা তাদের ঘরেই যাচ্ছে তা বলাই যায়।

# কাকে 'চ্যাম্পিয়ন বোলার' বললেন লারা?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতীয় জাতীয় দল কিংবা আইপিএল সবখানেই নিজেকে প্রমাণ করে চলেছেন মোহাম্মদ সিরাজ। তবে চলমান আইপিএলে বল হাতে সফলতা পাচ্ছেন না সিরাজ। উইকেট তুলে নিতে ব্যর্থ হওয়ার পাশাপাশি রান বিলিয়ে দিচ্ছেন অনায়াসেই। যদিও ওয়েস্ট ইন্ডিজের সাবেক কিংবদন্তি ক্রিকেটার ব্রায়ান লারা মনে করেন সিরাজের প্রয়োজন বিশ্রাম। সিরাজকে নিয়ে ক্যারিবিয়ান এই কিংবদন্তির বক্তব্য, সে চ্যাম্পিয়ন বোলার। আইপিএলের সম্প্রচারকারী চ্যানেল স্টার স্পোর্টসকে লারা বলেন, কয়েকটি কারণে তাকে বিশ্রাম দেওয়া উচিত। দলে কী ঘটছে তা তার ভাবা উচিত। তিনি সেই সিরাজ যাকে আমরা টেস্টে, ওয়ানডেতে কিংবা টি-টোয়েন্টিতে সব জায়গাতেই নতুন বলে উইকেট নিতে দেখেছি।'

'সে ভারতের জন্য একজন চ্যাম্পিয়ন বোলার, এমনকি আরসিবির হয়েও সে ভাল করেছেন। কিন্তু আমি মনে করি যে তার যা করা দরকার সে সেটা করছে না। তার বিশ্রাম প্রয়োজন, শুধুমাত্র মানসিকভাবে নয়, শারীরিকভাবেও কারণ সে প্রচুর ক্রিকেট খেলছে।'-যোগ করেন লারা।

সিরাজকে ক্লান্ত দাবি করে লারা জানান, 'সে ইংল্যান্ডের বিরুদ্ধে ৪টি টেস্ট খেলেছে। অনেক ওভার বোলিং করে। তাকে শারীরিক ও মানসিকভাবে কিছুটা ক্লান্ত দেখাচ্ছে। আর এই ধরনের পরিশ্রমের পর যে কোনো বোলারের পক্ষে পরের দিন ঘুম থেকে উঠে সুস্থ বোধ করা কঠিন।'

# ব্যর্থ হলো রোহিতের ধ্বংসাত্মক শতরান, খরুচে বোলিংয়ের পর জিতল মুস্তাফিজের চেন্নাই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হারের হ্যাটট্রিক দিয়ে আইপিএল ২০২৪ অভিযান শুরু করা মুম্বাই ইন্ডিয়ান্স পরপর ২টি ম্যাচে জয় তুলে সাময়িক স্বস্তি দেয় সমর্থকদের। তবে জোড়া জয়ের পরে ফের হারের মুখ দেখতে হলো হার্দিক পান্ডিয়াদের। এবার রোহিত শর্মার দুর্দান্ত শতরান সত্ত্বেও ঘরের মাঠে চেন্নাই সুপার কিংসের কাছে মাথা নত করে মুম্বাই ইন্ডিয়ান্স। রবিবার পাথিরানার দারুণ বোলিংয়ে ২০ রানের জয় পেয়েছে ধোনিরা। এই ম্যাচে খরুচে বোলিং করেছেন মুস্তাফিজুর রহমান। ৪ ওভারে তিনি খরচা করেছেন ৫৫ রান, পেয়েছেন এক উইকেট।

ওয়াংখেড়ে স্টেডিয়ামে টস জিতে চেন্নাই সুপার কিংসকে শুরুতে ব্যাট করতে পাঠায় মুম্বাই ইন্ডিয়ান্স। চেন্নাই নির্ধারিত ২০ ওভারে ৪ উইকেটের বিনিময়ে ২০৬ রানের বড়সড় ইনিংস গড়ে তোলে। দলের হয়ে সব থেকে বেশি ৬৯ রান করেন ক্যাপ্টেন রুতুরাজ গায়কোয়াড়। ৪০ বলের আগ্রাসী ইনিংসে তিনি ৫টি চার ও ৫টি ছক্কা মারেন।

৩৮ বলে ৬৬ রানের ধুমধাড়াক্কা ইনিংস খেলে অপরাজিত থাকেন শিবম দুবে। তিনি ১০টি চার ও ২টি ছক্কা মারেন। শেষ বেলায় ব্যাট হাতে ঝড় তোলেন মহেন্দ্র সিং ধোনি। তিনি ৩টি ছক্কার সাহায্যে মাত্র ৪ বলে ২০ রানের আগ্রাসী ইনিংস খেলে নট-আউট থাকেন।

এছাড়া ওপেন করতে নেমে ১টি বাউন্ডারির সাহায্যে ৮ বলে ৫ রান করে আউট হন অজিঙ্কা রাহানে। ২টি চার ও ১টি ছক্কার সাহায্যে ১৬ বলে ২১ রান করে মাঠ ছাড়েন অপর ওপেনার রাচিন রবীন্দ্র। পাঁচ নম্বরে ব্যাট করতে নেমে ১৪ বলে ১৭ রানের যোগদান রাখেন ডারিল মিচেল। তিনি ১টি চার মারেন।

মুম্বাই ইন্ডিয়ান্সের হয়ে ৩ ওভারে ৪৩ রান খরচ করে ২টি উইকেট নেন হার্দিক পান্ডিয়া। ৪ ওভারে ৩৫ রান খরচ করে ১টি উইকেট পকেটে পোরেন জেরাল্ড কোয়েটজি। ১ ওভারে ৯ রান খরচ করে ১টি উইকেট নেন শ্রেয়স গোপাল। উইকেট না পেলেও ৩ ওভারে মাত্র ১৯ রান খরচ করেন মোহাম্মদ নবী। বুমরাহ ৪ ওভারে ২৭ রান খরচ করেন। কোনও উইকেট পাননি তিনি।


জবাবে ব্যাট করতে নেমে মুম্বাই ইন্ডিয়ান্স পাল্টা লড়াই শুরু করে একেবারে যথাযথভাবে। তারা ওপেনিং জুটিতে ৭০ রান তুলে ফেলে। শেষে ১৫ বলে ২৩ রান করে সাজঘরে ফেরেন ঈশান কিশান। তিনি ৩টি চার ও ১টি ছক্কা মারেন। অপর ওপেনার রোহিত শর্মা ৭টি চার ও ২টি ছক্কার সাহায্যে ৩০ বলে ব্যক্তিগত হাফ-সেঞ্চুরি পূর্ণ করেন। তিনি ১০টি চার ও ৫টি ছক্কার সাহায্যে ৬১ বলে ব্যক্তিগত শতরান পূর্ণ করেন। শেষমেশ ১১টি চার ও ৫টি ছক্কার সাহায্যে ৬৩ বলে ১০৫ রান করে অপরাজিত থাকেন হিটম্যান।

যদিও মুম্বাই শেষমেশ ২০ ওভারে ৬ উইকেটের বিনিময়ে ১৮৬ রানে আটকে যায়। ২০ রানের সংক্ষিপ্ত ব্যবধানে ম্যাচ জেতে চেন্নাই সুপার কিংস। উল্লেখ্য, ধোনি চেন্নাইয়ের হয়ে ৩টি ছক্কার সাহায্যে ৪ বলে ২০ রান করেন। ম্যাচে তফাৎ গড়ে দেয় সেই ২০ রানই। অর্থাৎ, এটা বলা মোটেও ভুল হবে না যে, ধোনির তিন ছক্কাই ম্যাচ জেতায় চেন্নাইকে।

রোহিত শর্মাই একমাত্র ক্রিকেটার, যিনি শতরান করে অপরাজিত থাকা সত্ত্বেও তার দল ম্যাচ হারে। সেদিক থেকে হিটম্যান ট্র্যাজিক হিরো হয়ে থেকে যান বলা চলে। সূর্যকুমার যাদব এদিন খাতা খুলতে পারেননি। ৫টি বাউন্ডারির সাহায্যে ২০ বলে ৩১ রান করেন তিলক বর্মা। ৬ বলে ২ রান করে মাঠ ছাড়েন হার্দিক পান্ডিয়া। ২টি ছক্কার সাহায্যে ৫ বলে ১৩ রান করেন টিম ডেভিড। ২ বলে ১ রান করেন রোমারিও শেফার্ড। ৭ বলে ৪ রান করে অপরাজিত থাকেন নবী।

চেন্নাইয়ের পাথিরানা ৪ ওভারে ২৮ রান খরচ করে ৪টি উইকেট দখল করেন। ১টি করে উইকেট নেন তুষার দেশপান্ডে ও মুস্তাফিজুর রহমান। ম্যাচের সেরা হন মাথিসা পাথিরানা।

# ৫ গোলের থ্রিলার: মিয়ামির রোমাঞ্চকর জয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাঁচ ম্যাচ পর অবশেষে জয়ে ফিরলে ইন্টার মিয়ামি। মিয়ামির জয়ে ফেরার দিনে গোল করেছেন দলের মূল তারকা লিওনেল মেসি ও লুইস সুয়ারেজ। দুই বড় তারকার স্কোর করার দিনে স্পোর্টিং কানসাস সিটির বিপক্ষে ৩-২ গোলের রোমাঞ্চকর জয় পেয়েছে মিয়ামি।

যুক্তরাষ্ট্রের মেজর সকার লিগের (এমএলএস) অ্যাওয়ে ম্যাচে তাক লাগানো গোল করেন মেসি। বক্সের বাইরে থেকে লম্বা ও জোরালো শটে স্পোর্টিং কানসাসের জালে বল জমা করেন আর্জেন্টাইন বিশ্বকাপজয়ী তারকা। চলতি মৌসুমে মিয়ামির হয়ে এটি পঞ্চম গোল মেসির।

৫ গোলের থ্রিলার ম্যাচের শুরুটা করে অবশ্য স্পোটিং কানসাসই। ম্যাচের ৬ মিনিটেই মিয়ামির জালে বল জমা করেন এরিক থম্ময়। এদিন আরও একটি গোল করেন এরিক। সেটি ম্যাচের ৫৮ মিনিটে।

কানসাসের প্রথম গোলটি মিয়ামি শোধ করে ১৮ মিনিটে। গোলটি করেন দিয়োগো গোমেজ। এরপর ৫১ মিনিটে মেসির দুর্দান্ত গোলে ২-১ ব্যবধানে এগিয়ে যায় মিয়ামি। এরপর এরিকের গোলে সমতায় ফেরে স্পোর্টিং কানসাস। ৭১ মিনিটে মিয়ামির জয়সূচক গোলটি করেন সুয়ারেজ। গোমেজের অ্যাসিস্টে গোল করেন উরুগুয়ে তারকা।

এই ম্যাচে গ্যালারি ছিল দর্শকঠাসা। প্রায় ৭৩ হাজার দর্শকদের অবশ্য দারুণ একটি ম্যাচ উপহার দিয়েছেন মেসি-সুয়ারেজ। স্পোর্টিং কানসাসের ঘরের মাঠ মিসৌরির অ্যারোহেড স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়েছিল ম্যাচটি।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR